দুষ্প্রাপ্য
বাহিরে যাইবে না

Rare

দুষ্প্রাপ্য

বাহিরে যাইবে না

কিছু কিছু বুঝি।

প্রহসন

পানদোষ অপব্যয় ইন্দ্রিয় পরতন্ত্রতা ও অল্পবয়স্ক
বালকগণে নাটকাভিনয়ে অধ্যয়নে
বঞ্চিত হওয়া বিষয়ক

(পঞ্চম অঙ্কে সমাপ্ত)

সকল বুঝিতে পারে কে এমন আছে।
সকল বুঝিতে বল যাই কার কাছে॥
সকল বোঝেন যিনি জানিতে সে জনে।
সকল ত্যজিয়া অগ্রে বশ কর মনে॥

এই লাহাটা বঙ্গনাট্যালয়ের অধ্যক্ষগণের আদেশ ও সাহায্যে

শ্রীভোলানাথ মুখোপাধ্যায় দ্বারা প্রণীত



উপরোক্ত অধ্যক্ষগণের আদেশে

কলিকাতা

চিৎপুর রোড ২৪৩ সংখ্যক ভবনে বেণীমাধব দে কোং
বিদ্যারত্ন যন্ত্রে শ্রীঅরুণোদয় ঘোষ দ্বারা যন্ত্রিত।

সন ১২৭৪ সাল ১লা কার্ত্তিক।

মুখবন্ধ।

"কয়লাহাটা বঙ্গনাট্যালয়ের" অধ্যক্ষ বৃন্দ অভিনয়ার্থে দেশাচার সংশোধন বিষয়ক একখানি প্রহসন আমাকে প্রস্তুত করিতে বলায়, সুরাসেবন, ইন্দ্রিয় পরতন্ত্রতা, অপব্যয়, ও অল্প-বয়স্ক বালকগণ নাটকাভিনয়ে অধ্যয়নে বঞ্চিত হওয়া, ইত্যাদি কএকটী প্রস্তাবে এই "কিছু কিছু বুঝি" প্রহসনখানি প্রস্তুত করিলাম। বর্ত্তমানে যদিচ অনেকেই নাটক প্রিয় হইয়াছেন, তথাপি এমত ভরসা করিনে, যে আমার এই সামান্যা রচনা পাঠকগণের শ্রবণ-প্রণয়িনী হইবে? বিশেষতঃ মাইকেল মধুসূদন দত্তের, দিনবন্ধু মিত্রের, ও "বুঝ্‌লে কি না" গ্রন্থকর্ত্তার প্রহসন-খানির, রচনা যে কি চমৎকার হইয়াছে তাহা বলাপেক্ষা আমি এই "কিছু কিছু বুঝিতে" যে স্থলে স্থলে তাহাদিগের নিকটে ঋণী হইয়াছি, ইহাই স্বীকার করা ভাল? তবে যে কএকটী প্রস্তাবে পুস্তকখানি প্রস্তুত হইয়াছে তাহা দেশাচার সংশোধন বিষয়ক এই মাত্র বলিতে পারি? সুরাসেবনটী দেশের অল্প দোষাকর নহে; পান দোষে বিস্তর অনিষ্ট হোচ্চে, "তদ্বিষয়ে যেমত উৎসাহ" অপব্যয়ে কোন বিষয়ে উপকার দর্শায় না, "তাহাতে অর্থব্যয় করা" নাটক অভিনয়ে অল্পবয়স্ক বাল-কেরা অধ্যয়নে বঞ্চিত হয়, "তাহার প্রমাণ" ইন্দ্রিয় পরতন্ত্র-তায় লোকালয়ে হাস্যাস্পদ হওয়া, "তাহার ফল দর্শান" গুণ-গ্রাহী দেশহিতৈষী পাঠক মহাশয় মহোদয়েরা এই কএকটী প্রস্তা-বের শব্দগ্রাহী ও রচনা প্রিয় না হইয়া মর্ম্ম গ্রহণ করতঃ দেশা-চার সংশোধনে দৃষ্টিপাত করিলেই চরিতার্থ হইব। তবে "কয়লা-হাটা বঙ্গনাট্যালয়ের" অভিনয়কারিরা যদি কুপ্রথায় বিরত থা-কিয়া অভিনয়ের কালীন ভাব ভঙ্গিতে দর্শকগণের অন্তরে সন্তোষ জন্মাইতে পারেন তাহা হইলে যেমন একটী কুৎসিতা স্ত্রীলোক নানালঙ্কারে বিভুষিতা হইয়া শোভনিয়া হয়, আমার রচনাও সেই মত হইবে।

শ্রীভোলানাথ শর্ম্মা।

প্রহসনোক্ত ব্যক্তিগণ।

নট	সূত্রধর।
খদ্যতেশ্বর বাবু	প্রহসনের প্রধান অভিনয়ী
বিদ্যুতেশ্বর গুরুজী	খদ্যতেশ্বর বাবুর গুরুপুত্র ও প্রধান পারিষদ।
বিদুষক ব্রাহ্মণ	অভিনয়ী।
বিনোদকুমার	অভিনয়ী।
চন্ননবিলাশ	অভিনয়দর্শক।
শিশুপাল	ঐ
রামতারক বিদ্যাবাচস্পতি	মেদোকলুর প্রতিবাসী।
মেদো	কলু।
শিতল পাঁড়ে	খদ্যতেশ্বরের দ্বারপাল।
মুরাদআলী	কৌচমান।
গদা	খান্‌শামা।

নটী	সূত্রধরের প্রিয়োত্তমা।
রাধামণি	বিনোদকুমারের মাতা।
বরদা	রাধামণির প্রতিবাসীনী।
চন্ননবিলাসী	চন্ননবিনাশ বাবুর অবিদ্যা।
বৈষ্ণম দাসী	বৈষ্ণমী।
কলুনী	কামিনী বেশ্যা।



Complete
সংখ্যা ১০৪

কিছু কিছু বুঝি ।

(প্রহসন)

গীত । (নটের প্রবেশ)

(রাগিণী বাগেশ্রী তাল আড়াঠেকা ।)

দেখে শুনে তবু জনগণে ভাবেনা ভাবনা মনে ।
সুরাপান ব্যভিচারে, পরদার পাপাচারে,
সদা ফেরে লোকাচারে, কালী মাখিয়ে বদনে ।

নট । সভাজনগণ ! আজকের প্রহসনের আমি নট, আমার একটী নটী আছে । সে দেশাচার সংশোধন বিষয়ক অভিনয় কোত্তে হলেই সর্ব্বদাই তর্ক বিতর্ক করে, অদ্যকার বিষয়ে আর তার কোনমতে মৎ কোত্তে পাচ্চিনে, আমি তাঁকে ডাকি, আপনারা যদি একটু মনোযোগী হয়ে বোলে কয়ে দ্যান, তবেই প্রহসন অভিনয় হয় । প্রিয়ে ! একবার এদিকে এস দেখি ।

গীত। (নটীর প্রবেশ)

(রাগিণী সুরটমোল্লার তাল আদ্ধা।)

কি দায়ো ঘটেচে আমার্ পড়িয়ে নটেরো হাতে।
তত্ত্বরসে নাহি মনো বিরসেতে সদা মাতে।
উপদেশ দিতে পরে, আত্ম সারো নাহি করে,
পাপাচারে সদা মরে, ভাবে না নির্ব্বাণ যাতে।

নটী। এইত এলেম, কি বলুন দেখি?

নট। প্রিয়ে! "কিছু কিছু বুঝি" প্রহসনে তুমি কেন অমত কোচ্চ, তাহা এই সভাজনগণের সম্মুখে বল দেখি।

নটী। নাথ! ও রকম নাটক কি প্রহসন গুলো আমাকে কেমন ছিব্‌লেমো আর ইৎরোমো বোধ হয়। এক্টা পুরাণ উক্তি কি উপদেশসূচক বিষয় অভিনয় করুন, তাতে আমি কোন অমত কোর্‌বো না।

নট। প্রিয়ে! ও কথা আর বোলোনা, পুরাণ উক্তি নাটক ও গ্রন্থ এখন বিস্তর আছে। তাতে কোনমতে দেশাচার সংশোধিত হোলো না। এক্ষণে দেশের উপকার বিষয়ক নাটক কি প্রহসন করাই কর্ত্তব্য। দেখ, দুই বিবাহ কোল্লে বিস্তর অনিষ্ট হয়, নবনাটক-খানী তাহা নিবার-

ণের জন্য প্রস্তুত হয়েচে। আর প্রতারণা সুরা সেবন ইন্দ্রিয় দোষ যদেচ্ছাহার ও যদেচ্ছাচারে এ দেশ যেন ছারখার হোচ্চে, "বুঝলে কি না" প্রহসন খানি সে পক্ষে যেন মুগুর হয়ে বসেচে। "বুঝলে কি না" গ্রন্থ কর্ত্তার রচনার ভাবভঙ্গি দেখে কেনা তাঁকে মুক্তকণ্ঠে ধন্যবাদ প্রদান কোরে থাকেন? তিনি দেশের দুরাবস্থাই বুঝলে কি না পুনঃ পুনঃ বোলেচেন, এখনকার যে রকম অবস্থা দেখ্‌চি, সকল বোঝা বড় সহজ কথা নয়। দেশাচার যে কত রকমে দোষাকর হয়ে আছে, সে দিকে অনেকেই দৃষ্টিপাত করেন্ না। নাটকেও এখন দেশের বিস্তর অনিষ্ট হোচ্চে। অল্প বয়স্ক বালকেরা অধ্যয়নে বঞ্চিত, বঙ্গভাষার উন্নতির বিপরীত, অনর্থক অর্থ ব্যয়, আর কত কত স্থলে এই নাটক সূত্রে সুরা সেবনের উৎসাহ বেড়ে উট্‌চে। আমরা যদিও সব না বুঝে থাকি, কিন্তু কিছু২ যাহা বুঝি, তাহাই আমাদের অভিনয় কোরে দেশহিতৈষী "বুঝলে কি না" গ্রন্থকর্ত্তার পোষকতা করাই কর্ত্তব্য। তাহাহইলে তিনি দেশাচার সংশোধন বিষয়ে আগ্রহাতি সহকারে

বিশেষ যত্নশীল হইবেন। আর "কিছু২ বুঝি" ঐ "বুঝলেকিনারই" আদর্শ মত, সুরা সেবন ইন্দ্রিয় দোষ যদেচ্ছাহার যদেচ্ছাচার ও অনর্থক অর্থ ব্যয় প্রভৃতি দেশাচার সংশোধক বিষয়েই লিখিত হয়েচে।

নটী। "কিছু২ বুঝিতে" কি এ সকল আছে?

নট। তা না থাক্‌লে আর এত যত্ন কচ্চি কেন? "বুঝলেকিনাতে" লোকে যেমত উপদেশ পেয়েচে, বোধ করি এতেও সাধারণে সেইরূপ উপদেশ পেতে পারেন, তবে রচনার ভাবভঙ্গি কি দর্শকগণের মনোরম্য ততদূর পর্য্যন্ত হয় কি না তা বল্‌তে পারিনে।

নটী। তবে আপ্‌নি "কিছু২ বুঝি" প্রহসনই অভিনয় করুন্।

নট। (সভাজনের প্রতি) তবে আর মহাশয়-দের বড় কিছু বোল্‌তে হোলো না। নটী আ-মার আপ্‌না আপ্‌নিই মত কোল্লেন। তবে চল্লেম এখন।

(উভয়ের প্রস্থান)

প্রথমাঙ্ক।

(রাধামণির বাটী)

(রাধামণি বামকরে বামগণ্ড রাখিয়া আসীন)

(১ম, দ্বারদিয়া বরদার প্রবেশ)

বর। ঠান্‌দিদি! গালে হাত দিয়ে কি ভাব্‌চো ভাই?

রাধা। আর দিদি আকাশ পাতাল ভাব্‌চি, ভেবে কিছু স্থির কোত্তে পাচ্চিনে, কি যে কোরবো, আর কি যে হবে হায়! হায়! বুকের ভিতর যেন পুড়েং উট্‌চে।

বর। কেন গা কি হয়েচে?

রাধা। সে সর্ব্বনাশের কথা আর কি বোল্‌বো ভাই? বিনোদকুমার দুবচরের হতেই রাঁড় হয়েচি তাতো জান? এখন এই শত্রুরের মুখে ছাই দিয়ে ষেটের কোলে বারো তেরো বচরের কোরেচি, তোর ঠাকুর দাদা যখন মরে গ্যালো, বিষয় আশয় যত রেখে গেছলো তাতো জানিস, বরং গলায়

কতক গুলো দেনা দে গেছলো। বরদা! দ্যাখ্ বোন! পাছে কেও বিনোদকুমারকে গালাগালী দেবে বোলে, গায়ে যে দু খানা পাঁচ খানা টুং টাং সোণা রূপোর গয়্না ছিল, (মর! মুখদিয়ে গালাগাল বই আর ভাল কথা বেরয়্ না) তাই বেচে পোড়ার মুখোর পিণ্ডী আর দেনা শোধ দিয়েচি। তার পর বিনোদকুমারকে যে কোরে মানুষ কচ্চি, নাত্নি! তোরাত ভাই সব জানিস্, হাত তুলে দুটাকা দেবার কথা তফাতে থাক্, কেমন আছিস বোলে যে জিজ্ঞাসা করে, বিনোদকুমারের এমন আপনার লোক কেও নাই। তোমার বাপ ধনেশ, বাবা আমার লক্ষীপোষী হোক্, রাজা হোক্, সোণার দোয়াৎ কলম্ হোক্, সেই যা আমার বিনোদকুমারকে একটু দয়া শ্রদ্ধা করে। পুরনো কাপড় খানা, বইখানা, দুটো চাট্টে জলপানী পয়সা মাঝে২ দিচ্চেনই। আর আপ্নি লোকের বাড়ী উঞ্ছবৃত্তি কোরে কত কষ্টে যে বিনোদকুমারকে লেখাচ্চি পড়াচ্চি তা আমিই জানি। (রোদন মুখে) নাত্নি! সেই বিনোদকুমার আমার (বলেই মুখে বস্ত্র প্রদানপূর্ব্বক রোদন)

বর। ঠান্‌দিদি! কি হয়েচে বলুন না, কাঁদবেন না।

রাধা। নাত্‌নি! তোমার ঠাকুর দাদা তামাক ছিলিম্‌টী বই আর কোন নেশা কোত্তোনা। বিনোদকুমার আমার এই বয়েসে মদ খেতে শিখেচে। এত দিন কাকেও বলিনে, আপনি কত বোঝাই, কোনমতে শোনেনা, মাঝে মাঝে প্রায় মদ খেয়ে এসে। কাল শেষ রাত্রে বিছানাতে পোড়ে গোঁ গোঁ কোর্ত্তে লাগ্‌লো, আমার এম্‌নি ভাবনা হলো তা আর কি বোল্‌বো। শেষে বমী কোরে একাছত্তির কোরে বেহোঁশ হয়ে ঘুমিয়ে পোড়্‌তে তবে সেটা শাল্লো। নাত্‌নি! এখন কি করি ভাই বলো, তোরা লেখা পড়া শিকচিস্‌, আমাদের চেয়ে তোদের বুদ্ধি ভালই হবে।

বর। ঠান্‌দিদি! ও এসর্ব্বনেশে কাণ্ড শিখলে কোথা? ছেলেমানুষকে শেখালেই বা কে? প্রথম ২ জান্‌লে এবিষয়ে ধরাকাট কোল্লে আর এতটা ঘোট্‌তো না।

রাধা। আমি আগে এর বাষ্পও জান্‌তেম্‌ না, বিনোদকুমার যেমন পোড়তে যায় তেম্‌নি যেতো,

দিনকতক কেবল আস্‌তে একটু দেরি হতে লাগলো, আমি জিজ্ঞাসা কোল্লে বোল্‌তো স্কুলে এখন লোকচর, না লোকচার মর কি বলে বোল্‌তেও পারিনে তাতেই দেরি হয়। ক্রমেং দুদিন চাদ্দিন নটা দশটাও হতে লাগলো। ছেলে মানুষ, মনের মধ্যে কোন বদ্‌চাল্‌ আর ভাবতেম্‌ না। শেষে শুন্‌তে শুন্‌তে শুনি, কি থিয়োটরিতে যায়। এক দিন সটে পটে ধোত্তে বোল্‌লে কি? "সেইতো লেখা পড়ার যাত্রার দল গো, খদ্য-তেশ্বর বাবু তাতে কত টাকা খরচ কোরে আমার মতন স্কুলের কত ছেলেকে এনে সেই সব শেখা-চ্চেন। আমাদের কি তিনি কম ভাল বাসেন? বিশেষতঃ আমাকে যে কি চকে দেখেচেন, তা আর বল্‌তে পারিনে" নাত্‌নী বিনোদকুমারের মুখে এই সকল শুনে মনে মনে কল্লেম, যে খদ্য-তেশ্বর বাবু একটা বড় লোকের ছেলে, তিনি বিনোদকুমারকে এত ভাল বাস্‌লে এর ভালই হবে। পোড়ার মুখো যে এমন সর্ব্বনাশ কোর্‌বে, তখন তা স্বপ্নেও জানিনে।

(ক্রন্দন)

বর। ঠান্‌দিদি! কাঁদবেন না। আমরা বোয়ের ভিতর পোড়ে গেচি, "বিপদ সময়ে ব্যাকুল হবে-না" এখন বিনোদকুমার যাতে সুদরে যায়, তারি চেষ্টা দেখা যাক্। থিয়েটারে আর যেতে দেওয়া হবে না, আমি দেখেচি, ও ছাই ভস্মে যে কত ছেলে বয়ে গ্যালো তা আর বোল্‌তে পারিনে। ও মাথা মুণ্ডুতে আর তো কোন উপকার দেখ্‌তে পাইনে, কেবল বাঙ্গালা ভাষাকে আর ছেলেদের উচ্ছন্ন দেওয়া এই মাত্র। ঠান্‌দিদি! আমি কিছু কিছু বুঝি।

রাধা। নাত্‌নি! আমি বিনোদকুমারের বিস্তর আশা ভর্‌সা কোরেছিলেম। তোর ঠাকুর-দাদা যদিও কিছু রেখে যায়নি, কিন্তু এক বিনোদ-কুমারকে রেখে যাওয়ায় আমি সাত রাজার ধন ভাবতেম। মনে মনে কর্ত্তেম, কোনমতে বিনোদকুমারকে একটু লেখা পড়া শিখিয়ে মানুষ কোরে তুল্‌বো, তার পর দশ টাকা আন্‌তে পাল্লে আর এদুঃখ থাকবে না। তখন দশ জনের সঙ্গে এক রকম বেশ চলে যাবো। এখন, সে আশা ভর্‌সা সব ফুরিয়ে গ্যালো, এত দিন যে এত

কল্লেম, সে কেবল ভস্মে ঘী ঢালা হোলো। আমি শুনেচি, একবার যে ও গু খেতে শিখেছে, সে আর ভুল্‌তে পারে না।

বর। ঠান্‌দিদি! ওসব কথা থাক্, এখন বিনোদকুমারকে একবার ডাক দেখি, তাকে দুটো কথা বুঝিয়ে বলি।

রাধা। নাত্‌নি! আমি ডাক্‌লে আর রক্ষা থাক্‌বে না, তুমি ডাক ভাই।

বর। বিনোদকুমার! বিনোদকুমার! ও বিনোদকুমার! উত্তর দাওনা কেন? জেগে ঘুমুচ্চ নাকি? (রাধামণির প্রতি) ঠান্‌দিদি! এখনত সাড়া শব্দ নাই, ক্ষাণিক পরে আবার আস্‌চি।

রাধা। নাত্‌নি! যেওনা ভাই, আমি এই দেখেচি উস খুস কোচ্চে, তোমার কাছে লজ্জায় উট্‌চে না, তুমি তুলে এনে কি বোল্‌বে বল।

বর। তবে দেখি, কিন্তু জেগে ঘুমুলে সে ঘুম ভাঙ্গান বড় শক্ত।

(২য়, দ্বারদিয়া বরদার প্রস্থান)

(ও বিনোদকুমার সহ পুনঃ প্রবেশ)

বিনো। বরদামাসি! আমার বাবু ভারি

অসুখ কোচ্চে, কাল রাজার বাড়ী নাচ দেখতে গে সমস্ত রাত্রিজেগে, এই সকাল বেলা এসে সুয়েচি, আমার গা টলমল কোচ্চে, ও মাথা কেমন বন২ কোরে ঘুচ্চে, আমি কোনমতে দাঁড়াতে পাচ্চিনে, তুমি বাবু আমাকে কেন তুলে আনলে? (স্বগত) কাল এই যে বিদুষক তার মেয়ে মানুষের বাড়ীতে টেনে নে গ্যালো, আর ধেনো মদ গুলো খাইয়ে দিলে, তাতেই এই অসুখটা হয়েচে, ধান্যেশ্বরীকেত কখন স্পর্শ করিনে আর তাতে খাওয়াই কি গ্যাছে কম? বাপ্‌রে! চাজ্জনে তিন বোতল রম বেদম টানা গ্যালো? (প্রকাশ্যে) বরদা মাসি! আমি সুই গে বাবু, কোনমতে দাঁড়াতে পাচ্চিনে।

বর। বিনোদকুমার! আমি কিছু কিছু বুঝি। তুমি রাজার বাড়ী নাচই দেখ্‌তে যাও, আর যাই কর, কিন্তু তোমার বুঝে চলা খুব আবিশ্যক। তুমি বড় মানুষের ছেলে নও? দশ টাকার সমস্থান নাই? পৈত্রিক কিছু বিষয় পাওনি? তোমার মা তোমাকে উঞ্ছবৃত্তি কোরে মানুষ কোচ্চে? কোথাও আদখানী সন্দেশ জল খেতে পেলে

সেটুকু তোমার তরে আঁচলে বেঁধে আনে। তুমি মানুষ হয়ে দশ টাকা আন্‌লে তবে যদি মাগীর সুখ হয়। আর বৌ যদি কপাল ক্রমে ভাল হয় তবেই ভাল, নতুবা অদেষ্টে কেবল দুঃখই সার। তাতে তুমি এই বয়সে খারাপ হয়ে গ্যালে, মাগীর আশা ভরসা এককালে সকলি ফুরিয়ে গ্যালো।

বিনো। আমি কি খারাপ হয়েচি বাবু? মদও খাইনে, চুরিও করিনে, কি—না থিয়েটারে যাই। এক জন বড় মানুষ ধরেচে, সেখানে দশ জন ভদ্র সন্তান এসে, তাতে লাভ বই অলাভ নাই। দশ জন ভদ্রলোকের সঙ্গে আলাপ থাকলে একটা কর্ম্ম কার্য্য সহজেই কোরে নিতে পারবো। (স্বগত) মাথাটারই অসুখ খোয়ারিতে ভারি হয়, আর গা বমীং করে, জল তেষ্টায় ছাতি ফেটে যাচ্চে। (প্রকাশ্যে) মা! এক ঘটী খাবার জল দাওত গা?

রাধা। ওরে ঘরে যে কিছু নাই, সুদু জল কেমন কোরে খাবি। (বরদার প্রতি) কাল রাত্রে এসে আর জলস্পর্শ করেনি।

বিনো। (স্বগত) জলস্পর্শ করে কে? আমাতে কি আমি ছিলেম যে জলস্পর্শ কোরবো? ভালয়২ বাড়ীতে যে এসেছিলেম সেই কত না? (প্রকাশে) তুমি সুদু জলই দাওনা গা? আমার ক্ষিদে পায়নি, ভারি জল তেষ্টা পেয়েচে।

রাধা। (এক ঘটী জল ও এক মুটো চাল ভাজা লইয়া) বিনোদকুমার! তবে এই দুটী চাল ভাজা খেয়ে জল খাও বাবা; সুদু পেটে জল খেতে নেই।

বর। ঠান্‌দিদি! আমার মার কাছ থেকে সন্দেশ আন্‌চি। (বিনোদকুমারের প্রতি) বিনোদকুমার! এখন জল খেওনা, আমি এখনি আস্‌চি।

(১ম, দ্বার দিয়া বরদার প্রস্থান)

বিনো। (বিনোদকুমার জলপান কোরে একটু ব্রহ্মতালুকায় দিয়া) (স্বগত) বাপরে! খোয়ারিটাতে ভারিকষ্ট হয়। (ক্ষণেক পরে) আ—মর! এই জল খেলেম, আবার যে কে সেই; আজ ভারি জল তেষ্টা পাচ্চে। (রাধামণির প্রতি প্রকাশ্যে) মা! আর এক ঘটী খাবার জল দাও।

রাধা। সুদ্ধু জল খেয়ে পেট্টাকে যে জালা কোরে ফেল্লী, একটু রোসনা? বরদা সন্দেশ আন্‌তে গ্যাচে, এখনি আসবে এখন।

(১ম, দ্বার দিয়া সন্দেশ হস্তে বরদার প্রবেশ)

রাধা। এই যে দিদিমণি আমার সন্দেশ নিয়ে এলেন। এমন মায়া কিন্তু কারো দেখিনে; আমার বিনোদকুমারকে যেন আপনার পেটের ছেলের মতন ভাল বাসেন।

বর। ঠান্‌দিদি! সন্দেশ সবে দুটী ছিল, তা মা নগেন্‌কে একটী দিলেন্, আর আমি বিনোদকুমারের তরে একটী আন্‌লেম। এখনি সন্দেশ এলে মা আবার্ পাঠিয়ে দেবেন।

রাধা। বরদা! তোমার আর তোমার মায়ের গুণ এক মুখে আর কত বোল্‌বো দিদি? তোমারদের খেয়েই আমার বিনোদকুমার মানুষ। (বিনোদকুমারের প্রতি) বিনোদকুমার এই সন্দেশ খেয়ে জল খাও।

বিনো। (সন্দেশ ভক্ষণ ও জলপান করিয়া) (স্বগত) মাথাটা এখনো সারেনি, আর গাটাও ভারি ঘ্যাত২ কোচ্চে। আর একটু মাথায় জল

দি। (ঘটীর অবশিষ্ট জল মস্তকে প্রদান) স্নান টা কোত্তে পাল্লেই ভাল হোতো, দাঁড়াতে পাচ্চিনে কি কোরেই করি।

বর। বিনোদকুমার! আর তুমি থিয়েটারে যেতে পাবে না। আমি বাবাকে বোলে এলেম, নগেন্দ্র যখন স্কুলে যাবে, দরয়ান অম্‌নি তোমাকেও সঙ্গে কোরে নে যাবে, আসবার সময় সঙ্গে কোরে আন্‌বে, আর তুমি বাড়ীর বার-হতে পার্‌বে না। লেখাপড়া শেখ, দশ টাকা রোজকার কর, মানুষের মতন হও, দশ জন লোকে মান্যগ, এইত মানুষের কাজ? থিয়েটারে মেতে হো হো কোরে বাউণ্ডুলের মতন ব্যাড়ালে কি হবে। লেখা পড়া শিখলে তাঁর কাজ কর্ম্মের ভাবনা কি? তবে আপনার বাড়ীতে দুদণ্ড গর্প কর, কি খেলা ধূলো কর, কি গান বাজনা কর, তাতেত কোন ক্ষেতি নাই, সময়ে লেখা পড়া কোল্লেই হোলো। আর এ সময়ে পাঁচ রকম বদ খেয়ালিতে মাতলে লেখাপড়া হেলায় হারাবে।

বিনো। কেন, আমিত স্কুলে যাচ্চি? লেখা

পড়াও কচ্চি ? তার মধ্যে যদি থিয়েটারে গ্যালে দশ জন বড় মানুষের সঙ্গে আলাপ হয়, তাতে হানী কি আছে ?

বর। বড় মানুষের সঙ্গে আলাপে হানী কিছু নাই, কিন্তু সর্ব্বদা সহবাসে খুব নিন্দে হয়। যদিও তুমি পিত্তিশি না হও, তথাপি লোকে মোসাহেব বলে।

(নেপথ্যে শিতল পাঁড়ে)

শিত। বাবু! বাবু! বিনোদ বাবু! বিনোদ বাবু!

বিনো। কে ও।

শিত। হাম্ শীতল পাঁড়ে।

বিনো। পাঁড়ে জী।

শিত। হাঁ, বাবুসাহেব।

বিনো। ক্যা ওয়াস্তে।

শিত। আপ্‌কো ওয়াস্তে, বাবু তুরন্ত বোলায়তা হায়।

বিনো। আর কোই হুঁই হায়।

শিত। আট দশঠো বাবু হায়।

বিনো। গুরুজী আয়া ?

শিত। গুরুজীত হায়।

বিনো। পাঁড়ে জি!

শিত। হাঁ বাবু।

বিনো। বাবুকো আওর গুরুজীকো কহো, কাল রাতকো হাম বড়া বেমারি হুয়াথা, আবি খানাপিনা কুচ নেহি কিয়া, খানাপিনা করকে তুরন্ত যাকে মোলাকাত করেগা।

শিত। বহুত আচ্ছা বাবু! তব্ হাম চলে।

বিনো। আও। (ক্ষণেক পরে) পাড়ে জি! পাঁড়ে জি!

শিত। হাঁ বাবু।

বিনো। দেখো, হামারা পাশ বাবুকো একঠো ডিকন্টার হায়, এঠো লে যাকো বাবুকি খান-শামাকো দেও। (রাধামণির প্রতি) মা! কাচের ঐ বড় শিশিটে এনে দাওত গা?

(২য় দ্বারদিবা রাধামণির প্রস্থান ও ডিক্নটার সহ পুনঃ প্রবেশ)

বিনো। (ডিকন্টার হস্তে) পাড়েজী! হিঁয়া আও।

(১ম, দ্বার দিয়া শিতল পাঁড়ের প্রবেশ)

শিত। (ডিকন্টর দেখে) বাবু! ওতো হাঁম

নেহি ছোয়েঙ্গে, ওসমে সরাপ রাখ্‌তা হায়। হাঁম্‌ কুচ্‌২ বুঝ্‌তা।

বিনো। নেই, নেই, হাঁম এসমে গোলাপ জল লে আয়া থা।

শিত। নেই বাবু, মাপ কিজে। (দুহাত তুলে) ওবি হাঁম নেহি ছোয়েঙ্গে, মেরা আকসে ওসমে দারু রাখ্‌নেকো দেখা হায়।

বিনো। আবি তো এসমে দারু হায় নেই, তঁও হর্‌কৎ কিয়া।

শিত। (যোড়হাত কোরে) হাম সে মাপ কিজে বাবু, দারুকি বরাবর জবুন চিজ দুনিয়ামে আ-ওর দুস্‌রা হ্যায় নেই। "এক বরাহমণ এক মস্‌ল-মানী কি দোস্তী মে জাত দেকর, মস্‌লমান্‌কো খানাপিনা সব কিয়া, সেরেফ দারু নেহি পিয়া। যব বরাহমণ মর্‌গয়া, মসল্‌মানী ওনকো মসল-মান্‌কো বরাবর গোর দে কর্‌ রাখা। বরাহমন্‌ কো বর্‌মোতেজ্‌ হর্‌রাত্‌ ওস্‌ গোর্‌কি উপার সোয়ালা উঠ্‌তা, আদ্মি সব ওস্‌ তেজ্‌কো দেখ্‌ কর্‌, ডর্‌ পা কর্‌, রাজাকো পাস যাকর্‌, কহনে সে, রাজা সব পণ্ডিত আদ্‌মি কো লেকে ওস্‌কা

তজ্‌বিজ্‌ কিয়া। এক জ্ঞানী বরাহমণ বোলা, "যো বরহামণ্‌ যব্‌তক্‌ দারু নেহি পিয়েগা, তব্‌-তক্‌ ওন্‌কো বর্‌মোতেজ্‌ নেহি ছোড়ে গা। আবি, ও বরাহমণ্‌কো গোরকো উপার দারু ডার দেও, তঁও ওন্‌কো ব্রামভণীদেব ছুট যাগা, আওর নেহি দপ্‌দপায় গা।" রাজা, জ্ঞানী বরাহ-মণকো বাত শোনকর ওস গোরপার দারু দেলা-নেসে জ্বল্‌না বঁদ হো গয়া। বাবু! দারুকী মা-ফিক জবুন চিজ দুনিয়ামে আওর দুশরা নেহি হ্যায়। হাম আভি চলে, আপ তুরন্ত যাওয়েঙ্গে।

বিনো। হাম তুরন্ত যাতাহায়।

শিত। তব হাম চলে বাবু।

(১ম দ্বার দিয়া শিতল পাঁড়ের প্রস্থান)

বর। বিনোদকুমার! তুমি ভালই বল, আর মন্দই বল, থিয়েটারে আর তোমার যাওয়া হবে না। সবত শুনলেম, আর আমরাও কিছু কিছু বুঝি। বড় বাড়াবাড়ী কর, আজ বাবা কিছু বেরন নি, এখনি গে ডেকে আনবো। তাঁর এমনত রাগ নয়? নগেন যে দিন কোন দুরন্ত-

পনা করে, তিনি অমনি হাতে দড়ী বেঁধে রেখে দ্যান।

বিনো। (স্বগত) আজ শনিবার, ড্রেশ রিহার শেল, তাতে আমার হিরুইন পার্ট। আজ, না গেলে আর রক্ষা নাই। (প্রকাশ্যে) বরদা মাসি! আপনিত বেশ লেখাপড়া শিখেচেন, একটা বিবেচনা করুন দেখি, অতবড় বড় মানুষ টা ডেকে পাঠালে, একবার আমার গিয়ে তার সঙ্গে দেখা করা উচিত কি না বলুন? আমি একবার গিয়ে এখনি চলে আস্‌চি।

বর। ওরে আমরা কিছু কিছু বুঝি। মিছে আর জ্বালাচ্চিশ কেন। থিয়েটারে গিয়ে যে আবার এখনি আস্‌বে, তা মা গঙ্গাই জানে।

বিনো। ওগো আমার যে ডুপলিকেট্ (Duplicate) আছে। আমি যে আগে থাকতে বোলে রেখেচি, "যে আমার আসা ভার হবে, আমার উপর আপ্‌নি সোলডিপেণ্ড (Soledepend) কর্বেন না"।

বর। তবে আর তোমার যাবার কি প্রয়োজন আছে?

বিনো। অতবড় লোকটা ডেকে পাঠাচ্চে, না গেলে কি ভাল দেখায় গা ?

বর। সে যে তোমার মাথা খেতে ডেকে পাঠাচ্চে, তোমার দফা যে শেষ কোরবে। এখন ভাত খাবে চল, ওসব কথায় আর কাজ নাই।

বিনো। আমার কাছে যে তাদের থিয়েটারের কতক গুলো কাগচ আছে, সে গুলো তো দিয়ে আস্‌তে হবে, তা না হলে লায়েবেল (Liable) কোরে বড় লোক অনাসেই জব্দ কোরে দিতে পারবে।

বর। কাগচ গুলো অপর কারেও দিয়ে পাঠিয়ে দাও না কেন ?

বিনো। তা, কেমন কোরে হবে, সেখানে আমার হাতের সই আছে, সেটা কেটে দিয়ে আস্‌তে হবে।

বর। আমি কিছু কিছু সব বুঝি, তোমার কোনক্রমেই যাওয়া হবে না। এখন ভাত খাবে চল।

(২য়, দ্বার দিয়া সকলের প্রস্থান)

(প্রথম অঙ্ক সমাপ্ত)

দ্বিতীয় অঙ্ক।

(খদ্যতেশ্বর বাবুর বৈঠকখানা)

(খদ্যতেশ্বর বাবু ও বিদ্যুতেশ্বর আসীন্।

খদ্য। গুরুজি! এত এক রকম ভারি বিপদ দেখ্‌চি? রিহারশেলের সময় বয়ে যাচ্চে, অ্যাক্টার্‌রা সকলেই এসেচে, বিনোদকুমার এখন আস্‌চে না কেন? উপায় কি বলুন দেখি? সে হোচ্চে হিরোইন, সে না এলে আরত রিহার শেল বসাতে পাচ্চিনে?

গুরু। তাইত আমি আপনাকে বলি, যে, অ্যাক্টার দুজন২ রাখুন, তাহা হলে এক জনার অনোপস্থিতে অন্যের দ্বারা কায চোল্‌তে পারে।

খদ্য। তাতো আমি বুঝি, যে ডুপলিকেট রাখ্‌লে আর ভাব্‌তে হয় না। কত চেষ্টা করা গ্যালো বিদুষকের আর বিনোদকুমারেরত এ পর্য্যন্ত ডুপলিকেট পাওয়া গ্যালো না। টাকা

খরচ কোত্তে কসুর করিনে, মাইনে মাসহারা কত লোককে যে কত দিচ্চি, তাতো আপনি জানেন, আমি কেবল গায়ের জোরে অ্যামেচার বলি বৈত নয়? নতুবা আমার অধিকাংশই পেড-অ্যাক্টারস্। টাকা দিয়েওত ভাল ছেলে পাচ্চিনে?

গুরু। ছেলে ধোত্তে আরত বাকী নাই; একি না স্কুলে, একি না পাঠশালে, একি না লোকের বাড়ি২, ম্যানেজার গবচন্দ্র বাবু আবার অন্য অন্য থিয়েটারের কত ছেলেকে ভাংচি দিয়ে আন্‌চেন। এ বিষয়ে বাজারে মহাশয়ের এক রকম ছেলে ধরা নাম উঠে গ্যাচে। কত ছেলের যে মাথা খেলেন, তা আর বল্‌তে পারিনে।

খদ্য। তা সত্য, কিন্তু আমিও ছেলে ছেলে আর নাটক২ কোরে পাগল হয়ে গেচি, একবার একবার মনে করি, যে ছোট ছেলে নিয়ে আর একাজ কোর্বোনা।

গুরু। এবার কি কেবল বুড়ো বাঁদর নাচাবেন নাকি?

খদ্য। ইচ্ছে টা এমনি হয় বটে।

গুরু। সেই ভাল, তবে কিষ্কিন্ধাকাণ্ড আরম্ভ কোরে দিন না কেন?

খদ্য। সে পরের কথা, এখন বিনোদকুমারের কি করি বলুন্।

গুরু। তাইত, আপনার বিদুষক আর বিনোদকুমারকে নিয়েই নাটক। বিনোদকুমার না এলে সকলই মিছে হবে।

খদ্য। তা আর একবার বোলচেন্, বিনোদকুমার হোলো হিরোইন, আর বিদুষক কমিক।

গুরু। ওদের দুজনের এক জন ছাড়া কোন ক্রমেই এ বিষয় সমাধা হতে পারে না। বিশেষতঃ বিনোদকুমারকে দেখ্তে যেমন্, আর অ্যাক্টও খুব চমৎকার করে।

খদ্য। তা না হলে আর এত কচ্চি কেন? অ্যাদ্দিন যে এক্টা বদলে ফেল্তেম্ (ক্ষণেক পরে) বলি কি আপনি একবার বিনোদকুমারের বাড়ী যেতে পারেন? তার, মাকে বোলে কোয়ে, যাতে আর প্রতিবন্ধক না করে এমন কোরে আসুন দেখি?

গুরু। তাও কি হতে পারে? আর আমিই কি এমন্ বোল্‌তে পারি? যে, "ওগো তোমার ছেলেটাকে আমার সঙ্গে গর্ব্বের শ্রাদ্ধে যেতে পাঠিয়ে দাও"।

খদ্য। গর্ব্বেরশ্রাদ্ধে দিতে তো বাকী রাখিনে। মদও খেতে শিখেচে, আর ফাউল কেরি প্রভৃতি কোন অখাদ্যও খেতে বাকি নাই। এর মধ্যে মেয়ে মানুষের নামে নেচে ওঠে দেখেচি। সে যা হোক এখন উপায় কি?

গুরু। আপনি এক কর্ম্ম করুন্। বিনোদকুমারকে ডাক্‌তে এক জন লোক পাঠিয়ে দিন্।

খদ্য। তাতো শিতল পাড়েকে পাঠিয়ে ছিলেম্, খেয়ে যাচ্চি বোলে আর তো এলোনা।

গুরু। তবে এবার একখান চিটী লিখে পাঠিয়ে দেন্।

খদ্য। বেশ বোলেচেন, তাই তবে নিখি! (নেপথ্যের দিকে চাহিয়া) গদা! (সম্মুখে দোয়াত কলম কাগচ দেখে) নারে, আর আস্‌তে হবে না, এখানে দোয়াত কলম আছে।

(লিপি লিখন)

খদ্য। গুরু জি! চিটীখানা ত লিখলেম্, এখন শুনুন্ দেখি ?

(লিপি পঠন)

My dear Benode Coomar Baboo.

I am sorry to state that I could not account for your thus making late, I sent Seetul Parra to you but still you are not coming. To-day our dress rehearsal will take place, which you are not ignorant of, and you being the heroine of the Play ought not to keep yourself at home. Hoping you should do the needful without in curring further delay.

Yours truly
K. Burral.

গুরু। আমি ইংরেজিত জানিনে, তবে শুনে শুনে কিছু কিছু বুঝি। আমাকে বাঙ্গলা কোরে ভাল কোরে বুঝিয়ে বলুন্।

খদ্য। শুনুন্ তবে। আমার প্রিয় বিনোদ-কুমার বাবু। তোমার বিলম্বের জন্য আমি যথোচিত ভাবিত আছি, এবং শিতল পাড়েকেও তোমার নিকট পাঠিয়েছিলেম, কিন্তু তুমি এ পর্য্যন্ত এসে উপস্থিত হচ্চ না। অদ্য আমাদের

ড্রেশরিহারশেল, ইহা কিছু তোমার অবিদিত নাই। সে বিষয়ে তুমি এক জন প্রধান অ্যাক্টার, একারণ তোমার বাটীতে থাকা কোন ক্রমেই উচিত হয় না। ভরসা করি তুমি আর কোন মতে অপেক্ষা কর্বে না।

গুরু। আমি বোধ করি শিতল পাঁড়েও এ সব কথা বোলে এসেচে। উচিত হয় নীচে এক টা খাওয়া দাওয়ার বিষয় খুলে লেখা। সেবিষয় খুলে লিখলে আর ক্ষণকালও বাড়ীতে থাক্‌বে না। বাবু! না হয় আজ কিছু ব্যয় হবে এই মাত্র। মদ মুরগীর নাম হলে আমাদের পর্য্যন্ত মুখ চুল্‌কে উঠে, বেঁধে রাখলে দড়ী ছিঁড়ে যেতে ইচ্ছা করে, সেত তাতে নতুন ব্রতী। ঐ বিষয় টা খুলে লিখুন।

খদ্য। খাওয়া দাওয়ার বিষয় কবেই না হয়, আর এই থিয়েটারের বিষয়ে আমি কত টাকা ব্যয় কচ্চি তাতো দেখ্‌তে পাচ্চেন্। যে যা বো-ল্‌চে কিছুতে তো অমত কচ্চি নে?

গুরু। একটু রকমারি কোরে খুলে লিখুন। "ফাউলকেরি প্রভৃতি নানা রকম হোটেলের

খাদ্যাদি প্রস্তুত হয়েচে, রোজলিকর স্যাম্পেন আনান গ্যাচে। তুমি না এলে সে সকলই বিফল হবে, আমরা কোনমতে আর আমোদ আহ্লাদ কোত্তে পার্‌বো না।

খদ্য। বেশ বোলেচেন, তবে ঐ বিষয়টা খুলে লিখি।

(পুনঃ লিখন)

খদ্য। গুরু জি শুনুন্ দেখি?

(পুনঃ পঠন)

P. S.

Moreover a feast will take place at ours and for which every necessary preparations have been made. Fowl-curry and other meats and wines such as Champagne and Rose-liquor have been brought. It will be extremely mortifying to be deprived of your company in this friendly feast, and our cup of enjoyment will not be full if you dont come.

K, B.

গুরু। বাঙ্গলা কোরে বলুন দেখি।

খদ্য। আপনি যা যা বলেচেন, তাহাই লেখা

গ্যাচে। এখন এক খানা গাড়ী আর চিটী খানা পাঠিয়ে দি। (নেপথ্যের দিকে চাহিয়া) কোই হ্যায়, মুরাদ্‌আলী কোচ্‌মান্‌কো জল্দি ভেজ দেও।

গুরু। বাবু! বিনোদকুমার এলে যে গুলী লেখা গ্যালো, তাতো প্রস্তুত কোত্তে হবে? এত এক দিনের কাজ নয়, যে আজ ফাঁকি দিয়ে আনা গ্যালো, ও সব না হলে আর কিন্তু আস্‌বে না।

খদ্য। আপ্‌নি তাই বলুন্‌ যে বিনোদকুমার আসুক, আমি সে সব প্রস্তুত কোরেচি। হোটেল থেকে দুবাক্স খানা আনিয়ে কমপিলিট কোরে রেখেচি, আর মুরাদআলিকে দশটা ফাউল রাঁদতে বলেচি, আর মদত ঘরে সকল রকমই আছে।

গুরু। বলেন কি? তবেত আজ ভারি রগড় আছে।

(১ম, দ্বার দিয়া মুরাদআলির প্রবেশ)

মুরা। সেলাম হজুর।

খদ্য। দেখো এই চিঠি আর গাড়ী লেকো বিনোদকুমার বাবুকো পাস যাও।

মুরা। যো হুকুম।

গুরু। মুরাদআলি! বাবু যো চিজ বাণায়-ওনেকো বোলা, ও তয়ার হুয়া?

মুরা। জী! ছোটা কামরামে রাখা হ্যায়।

গুরু। আচ্ছা হুয়া?

মুরা। হামকো ত মালুম নেহি ব্যায় বাবু! (স্বগত) মালুম আচ্ছা হ্যায়, আগাড়ী মুরাদ-আলী খা লিয়া, পিছে বাবু লোগ ঝুঁটা খাগা। (গুরুজীর প্রতি) হাম চলে বাবু।

গুরু। জল্দ যাও।

(১ম, দ্বার দিয়া মুরাদআলির প্রস্থান)

গুরু। বাবু! এবার বিনোদকুমার এলো আ-রকি? মুরাদআলী ফাউলকেরি রেঁধেচে শুন্‌লে আর কি রক্ষা আছে? আমারই যা শুনে পর্য্যন্ত মন কেমন কেমন কোচ্চে? অনুমতি করেনত একবার ছোট ঘরে যাই।

খদ্য। তা হলে এখনি সকলে সব খেয়ে ফেল্‌বে।

গুরু। আমি চুপুচুপী গে এক খানা চেকে দে-খ্‌বো বৈত নয়? কেও টের পাবে না। আনন্দ-ময়ী ত ঐ ঘরে আছেন?

খদ্য। সকল আছে। ইস্তক হটওয়াটার ডিশ পর্য্যন্ত দেখ্‌তে পাবেন।

গুরু। সে আবার কেমন কোরে খেতে হয়।

খদ্য। সে, খাবার নয়, সেই ডিসের ভিতরে গরম জল পোরা আছে। তাতে মাংস রেখে খেলে আর শিগ্‌গির যুড়য় না। মাংস একটু গরম২ খাওয়াই ভাল।

গুরু। তা কোন শালা জান্‌তো। আর ইং-রেজী না জান্‌লে কেমন কোরে জান্‌বো বলুন। বলি কি, এখন আপনিও একবার আসুন না কেন?

খদ্য। আমিত ওতে নাই, আপনি যান।

গুরু। আপনার কপালে নাই। আর জন্মে দ্যান নি, এ জন্মে পেলেন না। কিন্তু এবার জন্মা-ন্তরে যেমন পেতে হয় তা পাবেন। শর্ম্মা তবে চল্লেন।

খদ্য। আসুন।

(১ম, দ্বার দিয়া গুরুজির প্রস্থান)

খদ্য। (স্বগত) বিনোদকুমার যতক্ষণ না আস্‌চে, আমার আর কিছু ভাল লাগ্‌চে না। বিনোদকুমার না এলে যে দুজন পাচজন বন্ধু বান্ধব আস্‌বে, তাদের কাছে আর মুখ দেখাতে পারবো না।

(১ম, দ্বার দিয়া গুরুজীর প্রবেশ)

গুরু। বাবু! মুরাদআলী যে মুরগি রেঁধেচে, তা আর কি বোলবো? আমি এক খানি গালে দিয়ে দেখলেম, বড় চমৎকার হয়েচে। (স্বগত) একটী পেট ঠেসে এসেচি, অমন জিনিস আর কি এক খানি খেয়ে চুপ কোরে থাক্‌তে পারা যায়।

খদ্য। গুরু জি! মুরাদআলীত অনেকক্ষণ গ্যাচে, এখন ফিচ্চে না কেন বলুন দেখি?

গুরু। তাইত, বিনুদে বেটা যে ভারি ফাঁফরে ফেল্লে।

(১ম, দ্বার দিয়া মুরাদআলির প্রবেশ)

গুরু। বাবু! তোমার মুরাদআলী আস্‌চে।

খদ্য। মুরাদআলী খপর কিয়া।

মুরা। বাবু! চিঠীতো ভেজ দিয়া। (চিঠী প্রদান)।

(১ম, দ্বার দিয়া মুরাদআলির প্রস্থান)

খদ্য। গুরুজি! তবেত ভারি মুস্কিল দেখচি, যখন চিটী লিখেচে, বোধ করি তবে আর আস্‌তে পারবে না। সর্ব্বনাশ কোল্লে আর কি?

গুরু। আপনি চিটী খানা খুলে পড়ুন দেখি।

(লিপি পঠন)

খদ্য। My dear Sir

I unable to go you just now for my Mother and Burroda Mossee not allow me to be the out of the house, but I assure that they will not be able to keep me house. I try my best to escape by jumping the back door of our house. I going soon to you,

Your effectionately
Benode Coomer——

গুরু। কি লিখেচে বাবু?

খদ্য। মন্দের ভাল বোল্‌তে হবে। বিনোদকুমারের মা আর তার বরদা মাসি তাকে আট্‌কে রেখেচে, তাই আস্‌তে পাচ্চে না। কিন্তু

সে নিশ্চিত বোলেচে, যে, "পেছন দিগের দরজা দিয়ে পগার ডিঙ্গিয়ে পালিয়ে আস্‌বে"।

গুরু। আ! রক্ষা হোলো। লোকে বলে, যে, "খোষখপরের ঝুঁটোও ভাল" হ্যাঁ বাবু! বিনোদকুমার চিটী খানাতো তবে বেশ লিখেচে। কিছু কি বুৎপত্তি জন্মেচে?

খদ্য। না, লেখাপড়া ভাল শিখেনি, দু চার খানা বই পড়েচে, এই মাত্র। পাঁচ সাত লাইন লিখ্‌তে আট নটা গ্রামেটীকেল মিস্‌টেক্ কোরেচে।

গুরু। গ্রামটীকে মিস্‌টেক্ কি বাবু?

খদ্য। আপ্‌নাদের যেমন্ ব্যাকরণ দোষ্।

(১ম, দ্বার দিয়া বিনোদকুমারের এক বন্ধু পরিধানে প্রবেশ)

বিনো। গুরু জি প্রাতক্ প্রণাম্।

গুরু। এই যে! আ! রক্ষা হোলো! বিনোদকুমার! তোমার তরে আম্‌রা আকাশ পাতাল ভাব্‌ছিলেম।

বিনো। আমিও মশায় আকাশ পাতাল ভাব ছিলেম, যে কোরে এসেচি তা আর কি বোল্‌বো। বাড়ীতে যখন আটক কোল্লে, কি কোরে

যে আস্‌বো এ আর ভেবে স্থির কোত্তে পারি নে। শেষে বাবুর চিটীখানি পোড়্‌তে যেন বুদ্ধির গোড়ায় জল দেওয়া গ্যালো। মশায়! যা নিখেচেন সে সব ত প্রস্তুত বটে; না কেবল আমাকে ফাঁকি দিয়ে আন্‌লেন?

গুরু। সে সব প্রস্তুত আছে।

বিনো। ফাউলকেরি।

গুরু। সাধ্‌মিটিয়ে।

বিনো। প্রাইভেট্ ওয়াটার।

গুরু। এটা বুঝ্‌তে পাল্লেম না।

বিনো। ওয়াইন। ওয়াইন।

গুরু। ও! যত পারবে।

বিনো। তবে আজ দুশো মজা দেখচি?

গুরু। হাজার হাজার মজা, সুদু দুশকি? হোটেলের দুটী বড় বাক্স অম্‌নি আদত মজুত রয়েচে।

বিনো। তবে আজ বৃষ উচ্ছ্‌গের ব্যাপার দেখ্‌চি।

গুরু। সকলই সেই রকম উদ্যোগ বটে? কেবল ষাড়্‌টী পাওয়া যাচ্চে না।

বিনো। মশায়! বিদুষক কি এসেচে?

গুরু। সকলেই এসেচে, আস্‌তে আর কেও বাকি নাই।

বিনো। তবে মশায় বিদুষককে ডেকে ক্ষাণি-কটে মজা করা যাক্। (নেপথ্যের দিকে চাকিয়া) ওহে বিদুষক!

বিদু। (নেপথ্য হইতে) কেহে বিনোদকুমার বাবু নাকি?

(২য়, দ্বার দিয়া বিদূষকের প্রবেশ)

বিদু। বেঁচে কি আছ? আমরা তোমার বিলম্ব দেখে খরচ লিখেছিলেম্।

বিনো। তা কাল্ তোমার সঙ্গে মিশে খরচের তলেই পড়েছিলেম্, (গুরুজীর প্রতি) মশায়! স্কুলের ফের্ত্তা বিদুষক বাবু ওঁর অবিদ্যালয়ে নিয়ে গ্যালেন্, বাবুর পরকালটাকে দেখে আমার হরিভক্তি উড়ে গ্যালো। বয়েস্, বিদুষকের চেয়ে বিষ পঁচিশ বচরের বড় হবে, গায়ে গোষও বেশ আছে, জমী নিয়ে পোড়্‌লে দুটো চাট্‌টে হাতী নিকেশ হয়ে যায়।

বিদু। ওহে! ওরকম না হলে কি মজা আছে? দেখ্‌লেতো, লুচীর গোচাটী আর দুধের বাটটী কেমন? সুদু তা নয়, মাঝেং আবার কত রকম সকম হয়? এ সওয়ায় বৈকালেও পোয়াটাক মিঠাইওয়ালার দোকানের বরাদ্দ আছে। আমিত সকলী দি? বেটী যৌবনাবস্থায় যা কিছু কোরে ছিল, বৃদ্ধাবস্থায় সে গুলী শর্ম্মার উদরস্থ কোচ্চে।

গুরু। শেষে তার কি ভাবচো?

বিদু। মহাশয় কি শাস্ত্র মিথ্যা কোত্তে চান নাকি? শাস্ত্রে আছে।

"সর্ব্বশেষে সর্ব্বনাশে সারং ভবতি টুক্কুনী"

আবার যত মনি তত মৎ। মতান্তরে বলে।

"কপালং কপালং মুলং মুলং"

আর ডাকমনির উক্তি।

"যার নাই পুঁজী পাটা, চোলে যাক্ বেলে ঘাটা"

সকলের চেয়ে আমাদের পক্ষী মনির মৎটাই বিশুদ্ধ। তিনি বোলেচেন্।

"হাটখোলার গোলায় চল ছাই দিয়ে প্রেমে"

মশায়! এদিকে বাছার যখন সকল শেষ হবে,

আর জঠর যন্ত্রনা লোকলজ্জাকে দূরীভূত কোরে দেবে, তখন একখানি কুলো নিয়ে আপ্‌নি অম্নি অবারিত মুক্তহট্টে গমন কর্ব্বেন।

গুরু। বিদুষক! তখন তোমার দশা কি হবে, লুচীর গোচা আরত পাবেনা?

বিদু। বলেন কি? আমার শরীর ভাল, আর সার্টিফিকেট্ থাকলে ভাবনা কি? হয়তো আবার এর চেয়ে ভাল হবে, নয়তো একটু নিচু হলো তাতে ক্ষতি কি? এ লুচীর গোচা দিচ্চে সে না হয় রুটির গোচা দেবে।

বিনো। (গুরুজীর প্রতি) মশায়! একে বিদুষক সাজান গালাগাল, এ যথার্থ বিদুষক। পেট্‌টেই কেবল ভাল বোঝে।

বিদু। বিনোদকুমার! তুমি ঠিক বলেচ ভাই? আমার এ ব্যবসাতে কত লোক বিষয় কোরে নিলে, আমি কেবল পেটে খেয়েই ঠকে গেলেম, স্বোণার অঙ্গটা দিন দিন কালী হয়ে যাচ্চে, না একখানা বাড়ী, না একখানা বাগান, না দুহাজার পাঁচ হাজার কোম্পানির কাগচই পেলেম?

বিনো। আর দিন কতক পরে ঠিকানাতে গ্যালেই সব পাবে।

বিদু। তোম্‌রা দুজন চাজ্জন এগিয়ে থেকো ভাই? তা না হলে সেখানে ইয়ারকিটা হবে না।

বিনো। বিদুষক! ওসব কথা থাক্, বলি কি? এদিকে বাবুত আজ্ বৃষউচ্ছগের ব্যাপার কোরেচেন, কেবল একটা ষাঁড়ের অভাব আছে, তা তুমি কি বল?

বিদু। ধেনু চাট্‌টে কি স্থির হয়েচে?

বিনো। ষাঁড় স্থির হলেই বাজার থেকে ধেনু এনে দেওয়া যাবে।

বিদু। ষাঁড়ের ভাবনা কি, ধেনু চাট্‌টে এলে তখন অনেকেই ষাঁড় হতে চাবেন। আমাদের গুরুজীও তখন গো স্বামী হতে ইচ্ছা কর্ব্বেন। বাবুকেও ফেলা যায় না, সে দিন সেই বিবি মাগীকে আনা গেছ্‌লো, বাবুতো তার আয়াকে ধরেই টানাটানী কল্লেন। আর ম্যানেযার গবচন্দ্র বাবুর কথা বোল্‌তে গ্যালে কিছু থাকে না, তাঁর চাকরাণীতেও অরুচি নাই।

বিনো। বিদুষক! ওসব বাজে কথায় আর

দরকার করে না, আজ ভারি ধুম তা জান? মুরাদ আলী ফাউলকেরি রেঁধেচে, হোটেল থেকেও দুটো বাস্ক এসেচে।

বিদু। (খদ্যতেশ্বরের এতি) মহাশয়! সত্যি নাকি?

খদ্য। গুরুজীকে জিজ্ঞাসা কর।

গুরু। সত্যি নাত কি মিথ্যা? চলনা, একবার দেখিয়ে আনি।

বিদু। আপনাকে আর যেতে হবে না। (উদরের প্রতি) উদর! আজ তোমার ভারি আনন্দ, এখন নখের মুড়ী পর্য্যন্ত স্থান পরিসর কর। তা না হলে আজ তোমার দফা সার্‌বো, তুমি ফেটে গেলেও শর্ম্মা খেতে কশুর কর্বেন না। (গুরুজীর প্রতি) গুরুজি! ও ঘরে যে কটা কলীর শত্রু বোসে আছে, যাদের প্রেজুডিশ সর্ব্বনাশ কোরে এমন সুখের ভোগে বঞ্চিত কোরেচে। যারা জাত জাত আর অখাদ্য বোলেই আমাদের সঙ্গী হতে পাল্লে না, তাদের আজ দিব্বি কলা দেখান যাবে।

গুরু। ম্যানেজার গবচন্দ্র বাবু তাদের তরে গোল্লা আনিয়ে রেখেচেন।

বিদু। এ যাত্রা তবে তাঁরা গোল্লা খেয়েই গোল্লায় যাবেন।

গুরু। দিন কতক পরে অনেকেই এ দলে আস্‌বেন, দেখ্‌তেতো পাচ্চ? মাঝে২ দুজন চাজ্জন প্রায় আমাদের দলভুক্ত হচ্চে।

খদ্য। গুরুজি! আমি একবার ওঘরে যাই। তা না হলে অ্যামেচারেরা রাগ কোত্তে পারে, বুঝলে কি না।

গুরু। উচিত বটে, সকলে আরতো বেতন ভোগী নয়, ভদ্রসন্তান যারা, তাদের খাতির যত্ন না কোল্লে আস্‌বে কেন? তবে ম্যানেজার সেখানে আছেন আপনি না গ্যালেও হয়।

খদ্য। আমারও যাওয়া উচিত হোচ্চে, আমি চল্লেম।

(২য়, দ্বার দিয়া খদ্যতেশ্বরের প্রস্থান)

বিনো। বিদুষক! আজি কিন্তু ভাই মেয়ে মানুষ আন্‌তে হবে।

বিদু। ওসব বুঝিনে বাবা? এখন মুরাদআলী কেমন মুরগী রেঁধেচে, চল একবার খেয়ে দেখা যাক্‌গে।

গুরু। তার আর কথা নাই? সে এক রকম জুতো বোল্লেই হোলো।

বিদু। আপনি এর মধ্যে খেয়ে এসেচেন নাকি?

গুরু। অনেকক্ষণ্, গালে দিতে স্বর্গে গেলেম কি বৈকুণ্ঠে গেলেম, তা আর বোল্‌তে পারিনে।

খদ্য। (নেপথ্য হইতে) আপ্‌নি মুর্‌গী খেয়ে আর স্বর্গ বৈকুণ্ঠ মুখে আন্‌বেন্ না? সেখানে আপনার কোৎকা টাঙ্গান আছে।

বিনো। (আশ্চর্য্য বোধ কোরে) কে বাবা!

বিদু। কত ভূত আছে, তুই যে অবাক্ হয়ে গেলি? চ না এই বেলা একটু চুপুচুপী গে খেয়ে আসি। আমরাত পরকাল ভারি মানি, স্বগ বৈকুণ্ঠ না হোলো তো বয়েই গ্যালো, মক্কাতো হবে?

বিনো। আমিই নাকি পরকালের ভাব্‌না ভাব্‌চি? মনে মনে জানি আজকাল আমারই

মতন অনেক, আমি যদি নরকে যাই, সেখানে অনেককেই দেখ্‌তে পাবো, তবেই আমরা নরক গুলজার কোরে তুল্‌বো; তাহলেই স্বর্গ বৈকুণ্ঠ এক রকম কানা হয়ে যাবে, মজা আচ্ছা যা সকলি নরকে চোল্‌বে।

বিদু। মিছে আর বকিস্‌নে, এখন চল আমরা যাই।

(২য়, দ্বার দিয়া বিনোদকুমার ও বিদুষকের প্রস্থান)

গুরু। (স্বগত) আমি কিছু২ বুঝি, গুরুজী হয়ে যে মদ মুরগী ও অখাদ্য গুলো খাচ্চি, শেষটাতে ভুগ্‌তে হবে তা জানি; তবে বিনোদকুমার এক বড় সরেস কথা বোলেচে, যে "আজ কাল আমার মতনই অনেক, নরকে আমাদের মতনই অনেক্‌কে দেখ্‌তে পাব" সেখানে আর একটা বড় মজা হবে, এখানে যাদের দেখে আমরা সমীয় করি, ও আমাদের দেখে যারা সমীয় করে, ও লোক দেখিয়ে যারা ভক্ত বিট্‌লেমো করে, অথচ তলে তলে সকলি চলে, সেখানে সকলেরই বিদ্যা প্রকাশ হয়ে পোড়বে। (চারিদিক দেখে) এখানে কেওত নাই! বিশেষতঃ নরকে আমাদের

খদ্যতেশ্বর বাবুর নাকাল্‌টা ভাল কোরে দেখ্‌তে হবে। এদিকে লোকের সাক্ষাতে বলা হয়, "আমি মদ খাইনে" গণ্ডমূর্খ গবা বাঞ্ছারামরাই তা বিশ্বাস করে, মানুষে আর কি তার চোরা গুপ্তি টের পায় না? আমাদের খোলা প্রাণ, মনের মধ্যেত কোন কোর কাপ্‌ নাই, তা বোলে নিরেট মূর্খও নই; বাবুর ভাব ভক্তি দেখ্‌লে, কিছু কিছু বুঝি।

(দ্বার দিয়া খদ্যতেশ্বর বিদুষক ও বিনোদকুমারের প্রবেশ)

খদ্য। I say Beedoosuck! dont express before any one?

বিদু। মহাশয়! আমি কিছু২ বুঝি কি না বলুন? আপনি যে তলে২ একাজ করেন তা আমরা অনেক দিন পর্য্যন্ত জান্‌তেম? আজ আপনি "অ্যামেচারেরা রাগ কোত্তে পারে বুঝলে কি না" বোলে যেমন উঠেচেন, আমরা অমনি কেমন এককালে হাতে মদের গ্ল্যাস সুদ্ধ ধোরে ফেলেচি বলুন?

খদ্য। বিদুষক! আমি পুনঃ২ বোল্‌চি, যে এ বিষয় তোমরা যা জান্‌লে, আর কারো সাক্ষাতে প্রকাশ কোরোনা। সুরাপানটা যত গো-

পনে করা যায়, ততই ভাল, বিশেষতঃ আমার একটু মান সম্ভ্রম আছে, পাঁচটা সোসাইটী ও সমাজ টমাজে গিয়ে থাকি, দশ জন লোকে মান্য করে, আমার লোক দেখিয়ে মদ খাওয়াটা কোন ক্রমেই উচিত হয় না।

বিদু। তা আর আমি কার কাছে বোল্‌তে যাচ্চি? কিন্তু কিছু কিছু বুঝি কি না বলুন?

খদ্য। বিদুষক! চুপ কর।

বিনো। বিদুষকের ঐ কেমন এক স্বভাব, একটু মদ খেলে ত অম্‌নি চোক দুটো রাঙ্গা হয়ে উট্‌লো, আর এক কথা দুশোবার বোল্‌তে আরম্ভ কোল্লে।

বিদু। ওতো কালীদাস বোলে গ্যাচে, তুমি আর পুরনো কথা বোল্‌চো কেন বাবা?

"নয়নার্ণকুনাণী ঘূর্ণয়ন বচনানি স্খলয়ন পদে পদে।"

নতুন কিছু থাকেত বল? আমি কিছু কিছু বুঝি।

বিনো। গুরু জী। Dont allow him more.

বিদু। তাহলে কোন শালা অ্যাক্ট কোর্‌বে।

বিনো। বিদুষক! তুমি কি একটা লোক চলাতে চাও নাকি? অধিক খেয়ে নেশা হয়ে পোড়লে দশজন লোকের সাক্ষাতে ভারি অপমান হবে? লোকে বোল্‌বে এদের থিয়েটারটা কেবল মদ খাবার আড্‌ডা।

বিদু। Very good, dont give me now a drop of wine,but after the performance I want two bottles.

বিনো। এ বেশ কথা।

খদ্য। I say Benodecoomer Baboo! do you like a dose?

বিনো। না মশায়! আপনি পারফরম্যান্স কমেন্স কোরে দিন।

গুরু। তবে চল, আমরা ইস্‌টেজ্‌রুমে যাই।

বিনো। আসুন।

(২য়, দ্বার দিয়া বিনোদকুমার ও গুরুজীর প্রস্থান।)

(১ম, দ্বার দিয়া পুরুষ বেশ চন্ননবিলাশী ও চন্ননবিলাশ বাবুর প্রবেশ)

চঃশ (খদ্যতেশ্বরের প্রতি) হেল্লো! গুড্‌নাইট! (করস্পর্শ)

খদ্য। গুডনাইট বাবু? (চন্ননবিলাশীকে

দেখিয়ে) I say who is this gentleman, I believe knownface.

চঃশ। May be, he is my best friend.

খদ্য। (চন্ননবিলাশীর করস্পর্শ কোরে) Good night gentleman.

চঃশী। Good night Baboo.

চঃশ। মশায়! আর অপেক্ষা কি? (ঘড়ী খুলে) Nearly one.

খদ্য। সকের কাণ্ড হলেই রাত্রি হয়।

বিদু। মশায়! কত যায়গায় যে তিনটে দেখেচেন, এখানে একটাতে অমন কচ্চেন কেন?

চঃশ। হেল্লো! বিদুষক! গিন্নিটী ভাল আছেত?

বিদু। হাতে বহরে অমনি এক রকম আছে, আপনারা ভাল আছেন তো?

চঃশ। বড় ভাল নয়, শনিবার অবধি চন্নন-বিলাশীকে জবাব দিয়ে ভারি মনের অসুখে আছি।

বিদু। ছেনালী ভরা যে? জেলের পোঁদের হাঁড়ী হয়ে আর বোক্‌চেন কেন?

চঃশ। বিদুষক! চেঁপে যাও ভাই, কেমন ঠিক হয়নি?

বিদু। আপনাকে ঠিক কোরেচে বলেই আপনার চোকে ঠিক হয়েচে, আমার চোকে এখন ঢের তফাত দেখ্‌চি।

চঃশ। তুমি সর্ব্বদা দেখ বোলে যা বল? কিন্তু বামাদিদির সঙ্গে ধনুকটঙ্কার বাবু এসেছিলেন, তিনি চিন্তে পারেন নি।

চঃশী। কেন? এই তো খদ্যতেশ্বর বাবুও আমাকে চিন্তে পাল্লেন না? উনিয়তঃ পুরুষ বোধ কল্লেন?

খদ্য। হেল্লো! চন্ননবিলাশী বিবি! আমি তোমাকে এতক্ষণ চিনি চিনি কোরে চিন্তে পারিনে? বা! দিব্বি পুরুষ সেজেচ।

চঃশী। ঠিক হয়নি বাবু?

খদ্য। এক্‌জ্যাক্‌ট্‌লী! আমিই তোমাকে চিন্তে পারিনে, তা অপর লোকে চিন্‌বে।

বিদু। মশায়! এমনো বলেন? আজ কাল অনেকেই পুরুষ সাজে বটে, কিন্তু কোলের গো-

ড়ায় ঘুরে ঘুরে বেড়ান, আর ছম ছমে গোচে ধরা পড়ে যায়।

খদ্য। তাতে হানি কি আছে?

বিদু। হানি এমন কিছু নাই? তবে ভদ্র সমাজে এম্‌নি বোধ হয়, যে বিবি পুরুষ সেজে বাবুকে যেন ভেড়া বানিয়ে এনেচে।

চঃশ। বিদুষক! আমার ঘাট হয়েচে, নে ভাই চুপ কর।

খদ্য। (চন্ননবিলাশীর প্রতি) বিবি! যা হোক্ আজ খুব বাধিত হলেম। এখানে আর তো অপর কেও নাই, ভারি গিরির্ষি হোচ্চে, জামা টামা গুলো খুলে একবারও ঘরে চল্লুন?

চঃশী। হটাৎ কে এসে পোড়্‌বে, এসব আর খুল্‌বো না মশায়?

খদ্য। না, না, কেও আস্‌বে না। (স্বহস্তে পুরুষবেশ মুক্তকোরে) চলুন ও ঘরে যাই।

চঃশী। ও বিষয়টী আজ মাপ কোত্তে হবে, প্রথমে বাড়ীতে, তার পর হোটেলে, বিস্তর হয়েচে মশায়! শেষে কি এককাণ্ড কোর্‌বো?

খদ্য। তা হবেনা একবার যেতেই হবে? (চন্ননবিলাশের প্রতি) চন্ননবিলাশ বাবু! চলুন মশায়?

চঃশী। (যোড় হস্তে) যোড় হাত কোরে বোল্‌চি, মাপ করুন মশায়? (চন্ননবিলাশের প্রতি) বাবু আর যাবেন না, শেষে কি আবার আজ যেমন দেখা গ্যালো তেমনি হবেন?

চঃশ। (খদ্যতেশ্বরের প্রতি) বাবু! আজ একটা ভারি মজা দেখা গ্যাচে, আমরা উইলসনের হোটেল থেকে আস্‌চি, একটা ভদ্র সন্তান দিব্বি কাপড় চোপড় পরা, মদ খেযে নদ্দামায় পড়েচে, চাদ্দিকে লোকে লোকারণ্য। বাবুটী ঠিক যেন পাত্‌কোঝালা সেজেচেন, তার ভিতরে আবার তখন কত রঙ্গ ভঙ্গ হোচ্চে, নদ্দামায় পড়ে ও বাবু যেন স্বর্গ সুখ ভোগে আছেন, শেষে পোলিশ সারজন এসে ঝোলায় তুলে দেবার উজ্জুগ কোরেচে, পাহারাওলায় ঝোলা বাগাচ্চে, বাবুটী নদ্দামা থেকে সারজনকে এমনি মিষ্টি কোরে বোল্‌লে।

" you have no power ? As now I am not under he control of the Jurisdiction but of the Justices of the Piece. "

সারজন, শুনে ভারি খুসি হোলো, বাবুটীর বাড়ী জিজ্ঞাসা কোরে, আপনি একখানি পাল-কির ভাড়া দিয়ে তাকে বাড়ী পাঠিয়ে দিলে।

বিদু। আমিও একবার এক জনকে মাতাল হয়ে রাস্তায় পোড়ে থাক্‌তে দেখেছিলেন, চৌকী-দারে, যেমন ঝোলায় কোরে নিয়ে ক্ষাণিকটে গ্যাচে, বাবু অমনি ঝোলাতে বাহ্যে যেতেই যেমন নাবিয়ে চে, কর্ত্তা ঝোলা থেকে উঠে এমনি দৌড় দিলে, ধর ধর কোত্তে কোত্তে অমনি উধাত্ত হয়ে গ্যালো।

নেপথ্যে। তবে পারফরমেন্স আরম্ভ কোরে দেওয়া যাক।

খদ্য। চলুন আমরা যাই।

(২য়, দ্বার দিয়া সকলের প্রস্থান।)

তৃতীয় অঙ্ক।

(২য়, দ্বার দিয়া বিদূষকের প্রবেশ।)

বিদু। (স্বগত) কি সর্ব্বনাশ! এর মধ্যে মদ মুরগী সব নিকেস কোরেচে? আমি যে আর ক্ষুধাতে দাঁড়াতে পাচ্চি নে? (উদরের প্রতি) উদর! আজ তোমাকে নখের মুড়ী পর্য্যন্ত স্থান পরিসর কোত্তে বোলেছিলেম বোলেই কি এ-মনি হতে হয়? আমি এই তোমাকে নিছক মুর-গীতে রেক্‌তার গাথনীর মতন পরিপূর্ণ কোরে সবে ফাষ্টসিন্ অ্যাক্ট কোরে আস্‌চি, এর মধ্যে তুমি সে গুলিকে কোথা চালান কোল্লে? তোমার বাহ্যিক আকার ত অতি সা-মান্য, কিন্তু ভিতরে এত চোরা কুটুরি আছে শর্ম্মা তা জান্‌তেন না? এখন তোমাকে নিয়ে আমার যে ভারি মুস্কিল হলো? কি করি বল দেখি?

গুরু। (নেপথ্য হইতে) বিদুষক খুব ভাল অ্যাক্ট কোরেচে।

বিদু। গুরুজী আস্‌চেন, এমন হিপোক্রিটেড (Hypocrited) আর দুটী নাই। এ দিকে ত্রিকণ্ঠি, তার উপরে পদ্ম বিচির মালা, হীরেবলী গায়ে, সর্ব্বাঙ্গে ছাবা কাটা, ওদিকে সুরা-অন্ত প্রাণ। এই "বিদুষক খুব ভাল অ্যাক্ট কোরেচে বোলে মদ খেতে আসচেন।

(২য়, দ্বার দিয়া গুরুজীর প্রবেশ।)

বিদু। গুরুজি! যার তরে আসা হোচ্চে, তা আমি কিছু কিছু বুঝি। ওদিকে ষ্টোর (Store) ওকর্ম্ম হয়ে গ্যাচে।

গুরু। বল কি হে? এক ডজন ব্রাণ্ডি, এক ডজন সাম্পেন, এক ডজন রোজলিকর, এক ডজন পোর্ট, এর মধ্যে সব উঠে গ্যালো।

বিদু। তা কৈ মশায়! সবে সাঁইত্রিশ খালি বোতল পড়ে রয়েচে বৈত নয়?

গুরু। বল কি হে? এখন যে এক ডোষ মদ না হলেই নয়? বিদুষক! তুমি কমিকের পাঠ

যেমন অ্যাক্ট কোরে এসেচ, এখন বিনোদকুমার প্যাথীটিকের পাঠ তেম্‌নি অ্যাক্ট কোচ্চে।

বিদু। এবার আমি গিয়ে জয়দেবের পাট আর কুলের পাট অ্যাক্ট কোরবো।

গুরু। আমি ইংরেজী জানিনে বোলে বুঝি ঠাট্টা হোচ্চে, যাহোক এখন বিনোদকুমার যে ইসারা কোরে এক গেলাস মদ নে যেতে বোল্লে তার কি করি বল দেখি? বোতল গুলো সব কি গুণেচো?

বিদু। গুনেচি বই কি? সবে সাঁইত্রিশটে খালি বোতল গড়াগড়ি যাচ্চে, তার একটাতেও বিন্দু বিশর্গ কি শ্রীবিষ্ণু কোত্তে নাই।

গুরু। তবে এই গদা খানশামা বেটা এগারো টা বোতল চুরি কোরে রেখেচে। (বলেই) গদা! গদা! আমর ব্যাটা শুনতেও পায় না যে? ও গদা!

গদা। (নিপথ্য হইতে) আজ্ঞে! যাই।

(১ম, দ্বার দিয়া গদার প্রবেশ।)

গুরু। গদা! মদ সব কি হোলো র‍্যা?

গদা। আজ্ঞে আমি তা কেমন কোরে জা-নবো, আপনারা খাচ্চেন, আপনারাই বোল্‌তে পারেন, গদাধর আরত মদ খান্না ?

গুরু। মর বেটা ? চার ডজন মদ বেরিয়েচে, তার মধ্যে তিন ডজন এক টা বোতল খালী হ-য়েচে, আর এগারো টা বোতল কি হোলো।

গদা। বিনোদকুমার বাবু যে দুটো ভেঙ্গে ফেলেচেন ?

গুরু। তবুত নটা থাক্‌বে ?

গদা। বাবু যে বাড়ীর ভিতর কটা পাঠিয়ে দিলেন।

গুরু। সে একটা স্যাম্পেল একটা রোজলি-কর, আর সাতটা।

গদা। আমি তা জানিনে মশায়। বারো ভূতে খাচ্চে কে কোথা বোতল ফেলেচে তারতো ঠিকানা নাই। সুদু বাবুরা খাচ্চেন নাতো যে আমি জান্‌বো ?

গুরু। তুই জান্‌বিনেত কে জান্‌বে ? তুই বেটাই নেগে সরিয়ে রেখেচিস ? যা এখন শিগ্‌-গির এনে দে ?

গদা। আমিত রাখিনে মশায় কোত্থেকে আন্‌বো বলুন ?

বিদু। (গদার দাড়ী ধোরে) লক্ষ্মী বাপ আমার, রেখে থাক যদি শিগিগর এনে দাও, আমাদের প্রাণ আর বাঁচ্‌চে না ? আর তুমিত জান, এখন আর বার করবার যো নাই।

গদা। আমি রাখি নে মশায় ?

গুরু। তুই রাখিসনেত কি বোতল কটা উড়ে গ্যালো ? বিদুষক! ও ব্যাটা সহজ লোক নয় তা আমি জানি ? হয় বাবুকে না হয় ম্যানেজার গবচন্দ্র বাবুকে ডাক।

গদা। মশায়! আমিত মদ খাইনে, যে মদ সুদ্ধ বোতল রাখ্‌বো ?

গুরু। ব্যাটা! খাও কি না খাও তা ধর্ম্ম জানে আর তুই জানিস। এখন বোতল কটা আন্‌বি কি না বল ?

গদা। আমি তেল রাখ্‌তে কেবল কটা খালী বোতল নে গেচি মশায় ?

গুরু। খালী বোতল তুই কবে না নিস, তা আজ এখন নে গেলি কেন ? (ক্ষণেক নিরব)

আচ্ছা! কৈ কি খালী বোতল নে গেচিস আন দেখি?

গদা। যে আজ্ঞে।

(১ম, দ্বার দিয়া গদার প্রস্থান।)

বিদু। মহাশয়! বোধ করি ঐ ব্যাটাই নেগে খালী কোরেচে।

গুরু। তা এখন পারে নি, তা হলে ওর মুখে গন্ধ বেরুত।

বিদু। মশায়! মাতালে কি মাতালের মুখের মদের গন্ধ পায়? কই আপনি কি আমার মুখের গন্ধ পাচ্চেন?

গুরু। (মুখ সুঁখে) ঠিক কথা, আমি তোমার মুখের কিছু গন্ধ পাচ্চি নে?

বিদু। আজ কেবল মুখ নষ্ট করা হোলো, নেশা কেমন তা জান্‌তে পাল্লেম না।

(১ম, দ্বার দিয়া ওলডমের ৭টা, বোতল সহ গদার প্রবেশ।)

গুরু। মর ব্যাটা! এই তোমার আজকের বোতল; ওলটম সেরি কি আজ বেরিয়েচে, যে এ বোতল নিয়ে এলি? এখন ভালয়২ বোতল

কটা আনিস্ তো আন্, নতুবা এখনি বাবুকে বোলে তোর সর্ব্বনাশ কোরবো।

গদা। গুরুজি! বাবুকে আর বোলবেন না? আমি এখনি এনে দিচ্চি।

(১ম, দ্বার দিয়া গদার প্রস্থান।)

(২য়, দ্বার দিয়া স্ত্রীবেশে বিনোদকুমারের প্রবেশ।)

বিনো। গুরুজি! আপনি কি এক গেলাস মদ নিতে এসে বোতল চাপা পড়লেন না কি?

গুরু। না হে গদা ব্যাটা মদ সব চুরি কোরে রেখেচে, বেটাকে সটে পটে ধোত্তে তবে কবুল গিয়ে আনতে গ্যাচে।

বিদু। গদা ব্যাটা আজও গ্যালো, কালোও গ্যালো, আমিত আর কোনমতে অপেক্ষা কোত্তে পাচ্চি নে? সাদাচকে বিদুষকের পার্ট অ্যাক্ট করাও বড় সহজ কথা নয়? লজ্জার মাথা না খেলে লোকে আর বিদুষক সাজ্‌তে পারে না?

নেপথ্যে। বিদুষক! শিগ্‌গির এস হে।

বিদু। মশায়! আর থাক্‌তে পাল্লেম না, চল্লেম।

(২য়, দ্বার দিয়া বিদুষকের প্রস্থান।)

বিনোদ। গুরুজি! এঁ ভারি খারাপ হোচ্চে, এক গেলাস মদ চাইলে এক ঘণ্টায় পাওয়া যায় না এতে কি থিয়েটার হয়? আজ যা হবার হোলো, আমিত আর আস্‌চি নে।

গুরু। বিনোদকুমার! রাগ কোরো না বাবা? অ্যাক্ট বড় চমৎকার হোচ্চে, মনের মধ্যে রাগ হোলে মোসন খারাপ হয়ে সব মাটি হবে। গদা ব্যাটা মদ চুরি কোল্লে, বাবুর উপর রাগ করা অনোচিত। আচ্ছা আমি আপনি গিয়ে এখনি মদ আচ্চি।

(১ম, দ্বার দিয়া পাচটা বোতল সহ গদার প্রবেশ।)

বিনো। এই যে নবাব পুত্র এলেন।

গদা। গুরুজি! দুটা বোতল খরচ হয়ে গ্যাচে, আপনার পায়ে ধোরে বোল্‌চি মাপ কর্বেন।

বিনো। গুরুজির পায়ে ধর্‌বি? দুর ব্যাটা এমন কাযও করে? পাপে যে নরকে ডুবে মোরবি?

গদা। গুরুজি! যোড় হাত কোরে বোল্‌চি, বাবুকে বোলবেন না?

গুরু। নারে না তুই এখন জানা ?

বিনো। বল্‌বে না? আমি এখনি গিয়ে বাবুকে বোল্‌চি ? চুরি কি র‍্যা ব্যাটা ? চোরকে কি মাপ কোত্তে আছে ? বিশেষতঃ তুই ব্যাটা যে সময়ে মদ চুরি কোরেচিস্, তোর গলা কাটলেও রাগ পড়ে না ?

গদা। বিনোদকুমার বাবু! আপনারা মনিব, সব কোত্তে পারেন, গরিবের অন্নটি মারবেন্ না ?

বিনো। খবরদার! বারদিগর এমন কাজ হলে মাপ হবে না।

গদা। যে আজ্ঞে, তামাক কি এখন আন্‌বো ?

বিনো। না, তামাক এখন চাইনে, ভাল জল আন দেখি ? (গুরুজির প্রতি) ব্যাটা মদ চুরি কোরে খোয়ারি কোরে দিয়েচে, আগে একটু মদ খেলে আর এ টা ঘোট্‌তো না ?

গুরু। বিনোদকুমার বাবু! এখন আর জল খাবেন না ? তা হলে ভারি অসুখ হবে। একটু মদ খেলে খোয়ারি কেটে যাবে আর কোন অসুখ থাকবে না। (গদার প্রতি) নারে গদা,

এখন আর কিছু চাই নে? কেবল বোতল কটা ছোট ঘরে রেখে তুই যা।

গদা। যে আজ্ঞে। (যেতে যেতে স্বগত) বাবু এক ভাল থিয়াটার করেছে বাবু? পাঁচ ব্যাটার খোষামোদ কোত্তেং প্রাণ টা গ্যালো? এ আপদ উঠে গ্যালেই বাঁচি।

(২য়, দ্বার দিয়া বোতল সহ গদার প্রস্থান।)

বিনো। গুরুজি! পাজী ব্যাটার আক্কেল দেখেচেন? মদের বোতল সাতটা এর মধ্যে সাতিয়ে রেখেচে? আমার এমনি রাগ হয়েছিল যে ব্যাটাকে এখনি পুলিসে চালান কোরে দি? অনেক কোরে পায়ে হাতে ধোল্লে তাই কিছু বোল্লেম না? কিন্তু চোরকে মায়া কোত্তে নাই, আর চোর চাকর পুষতেও নাই। চোর ব্যাটারা অনায়াসেই সর্ব্বনাশ কোরে বসে।

গুরু। তা আর একবার বোল্‌তে? কিন্তু খদ্যতেশ্বর বাবু কি ম্যানেজার গবচন্দ্র বাবু শুন্‌লে আজ একটা কাণ্ড কোত্তেন।

(২য়, দ্বার দিয়া শিশুপাল বাবুর প্রবেশ)

শি। (গুরুজীর প্রতি) গুরুজি! অ্যাক্ট কেমন চমৎকার হোচ্চে বলুন? "ইদৃশী নচ দৃশ্যতে" আপনি বেশ জান্‌বেন এমন আর কোথাও হয় না? অনেকেই নাটক কোত্তে গিয়ে লোক ঢলিয়ে বসে, পবলিকে মদের ঢালওয়া কাণ্ড কোরে কেবল মাত্‌লামো করে। আমাদের মদের বিষয়টীতে কেমন ধরা কাট দেখুন? মদ যে চোল্‌চে অপর লোকে কেও জান্‌তে পাচ্চে না। "ন জানন্তি জন প্রাণী"।

গুরু। এখানকার সকলি ভাল, কোন বিষয়ই নিন্দার নয়? আর নিন্দেরই হবে কেন বলুন্? টাকা খরচ কোল্লে কি নিন্দে থাকে?

শি। আপনি কিছু কিছু বোঝেন, "অর্থেন সর্ব্বেবশা" (হাহা কোরে হাস্য কোরে) গুরুজি! আর জানেন? যে টাকা নিতে একটু কাঁই কুঁই করে, তাকে কাপড় যোড়াটা চাদর যোড়াটা হোলো একটা আংটি দিয়েও বাবু তার মাথা খেয়ে দ্যান্।

গুরু। তা আর কি আমি বুঝিনে?

শি। (বিনোদকুমারের গাল টীপে) বিনোদ

বাবু! তুমি ভাই খুব ভাল অ্যাক্ট কোচ্চ? অডি এন্‌সেরা তোমার খুব প্রসংশা কোচ্চে।

গুরু। বিনোদকুমারের কথা ছেড়ে দিন, ও যেমন অ্যাক্ট করে ওমন আর দুটী ছেলে থাক্‌লে যে কি হোতো তা আর বোল্‌তে পারিনে?

শি। ওগো আমাদের ও বিনোদকুমারই "একং রামং শতং"

গুরু। (স্বগত) ইনি সংস্কৃত সওয়ায় আর কথা কন্‌ না? ভাল এক অনুস্বার মুখস্থ কোরে রেখেচেন।

শি। চুপ কোরে রইলেন যে? "বাক্যং ব-দন্তিং"

গুরু। মশায়! যা বল্লেন তা সত্য, বিনোদ-কুমার আমাদের একলাই অ্যাক্‌শো।

শিশু। গুরুজি! অহংগচ্ছন্তিং এখন চল্লেম।

গুরু। সেকি মশায়? আজ আর কি যাওয়া হতে পারে?

শিশু। না গো? রাত জাগ্‌লে আমার অ-ত্যন্ত অসুখ হয়। "আত্মানাং সততং রক্ষেৎ"

গুরু। এক দিনে আর কোন অসুখ হবে না?

শিশু। রাত জাগাটা আমার কোন ক্রমেই সয় না। অসহ্যং রাত্র জাগর্ত্তি নচ সহ্যকদাচনং।

গুরু। তবে আর কি বোল্‌বো! আপনার বিবেচনায় যাহা ভাল হয় করুন্, কিন্তু খড়্গতেশ্বর বাবুকে বোলে যাবেন।

শিশু। তিনি আমার পরম বন্ধু, তাঁকে আর বোলে যাব না? তবে চল্লেম মশায়?।

(১ম, দ্বার দিয়া শিশুপালের প্রস্থান)

বিনো। এখন চলুন, একটু রকমারি করা যাক্‌গে? আবার আমাকে ঐখনি তলপ হবে। তবে একটু সুবিধে আছে যে সেজে তোয়ের হয়ে আছি।

গুরু। তবে চল বাবু আর বিলম্ব করা নয়।

বিনো। বিড়ুষক একটু ডিরিঙ্ক কোরে গ্যালে খুব ভাল হোতো? একে বিড়ুষক তাতে খোয়ারিতে যে কি কোচ্চে তা বোল্‌তে পাচ্চিনে?

গুরু। আর শেষ হয়ে এসেচে।

বিনো। এবার আমি গিয়ে অ্যাক্ট কোরে ফিরে এলেই শেষ যবনিকা পতন হবে। এখন চলুন দু এক ডোষ লওয়া যাক্‌গে?

গুরু। চল ভাই।

বিনো। আপনিত ভারি মজা কোচ্চেন? এক বার "ভাই" এক বার "বাবা" যা মনে আসচে তাই বোল্‌চেন।

গুরু। বিনোদকুমার! "বহু সম্পর্ক যারা বেঁচে থাক তারা" একথাটাতো জানিস? তাই তোকে একবার ভাই একবার বাবা বোলে বহু সম্পর্ক পাতিয়ে বেঁচে থাক্‌তে বোল্‌চি। বাবা! চিরজীবি হয়ে থাক্, তুই বড় সরেশ অ্যাক্ট করিস।

বিনো। সে আপনার আশীর্ব্বাদ। এখন তবে চলুন।

গুরু। বিনোদকুমার তুমি আপনার মতন্‌সই খেয়ে অ্যাক্ট করগে, আমি একটু পরে যাচ্চি।

বিনো। যে আজ্ঞে।

(হয়, দ্বার দিয়া বিনোদকুমারের প্রস্থান)

গুরু। এবার একবার বিদুষক এলে হয়, দেখা যাবে কত মদ খেতে পারে।

(হয়, দ্বার দিয়া বিদুষকের প্রবেশ)

বিদু। গুরুজি! বিনোদকুমার যে অ্যাক্ট কোচ্চে, তা আর কি বোল্‌বো? চাদ্দিগে লোক সব নিস্তব্ধ হোয়ে আছে, কেবল থেকে থেকে কেলাপ উট্‌চে। আজকের পারফরমেন্স বড় চমৎকার হোলো।

(২য়, দ্বার দিয়া খদ্যতেশ্বর ও উন্মত্ত মূর্ত্তি বিনোদকুমারে প্রবেশ)

বিনো। (শুয়ে পড়ে) বাবু! তুমি আমার মাকে আনাও, আমি আর কোন ক্রমেই বাঁচ্‌বোনা! আমার বুকের ভিতর কেমন কেমন কোচ্চে গো? ওমা তুই কোথা রইলি মলুম গো। হায়! হায়! আমার মায়ের যে আর কেও নাই গা?

খদ্য। বিনোদকুমার! স্থির হও, ভয় কি! (নেপথ্যের দিকে) গদা! শিগ্‌গির গোলাপ জলের বোত্‌লটা আর পাকা একখানা আন্‌ত?

বিনো। (পা হাত্‌আচড়ে) ও বাপরে কি হোলোরে! মা কে কি আমার আন্‌বে না?

(নেপথ্যে) এই শ্রাদ্ধ গড়ালো আর কি? এ না হলে কি থিয়েটার মানায়।

(১ম, দ্বার দিয়া গোলাপজল ও পাখা সহ গদার প্রবেশ)

খদ্য। (বোতলটা লয়ে বিনোদকুমারের মস্তকে গোলাপ জল দিয়ে) তোমরা একটু হাওয়া ছেড়ে দাও দেখি? বিদুষক! তোমরা সকলে ভাই এখন এখান থেকে যাও? (গুরুজীর প্রতি) গুরুজি! আপ্‌নি একটু বাতাস করুন?

(খদ্যতেশ্বর গুরুজী ও বিনোদকুমার ব্যতীত ১ম, দ্বার দিয়া)
(সকলের প্রস্থান)

(বিনোদকুমারের মস্তকে খদ্যতেশ্বরের গোলাপ জল প্রদান।)
(গুরুজী ব্যজনী লইয়া ব্যজন)

বিনো। (পা হাত ছুঁড়ে) ও বাবারে (ক্ষণেক পরে) ও বাবারে। ও মা মলুম গো।

গুরু। মশায়! এম্‌নি কোরেতো দম্ আট্‌কে মারা যাবেনা? আমার ভারি ভাবনা হোচ্চে?

খদ্য। ছেলে মানুষ, মনের মধ্যে ভয় হয়েচে, যতটা কোঁচ্চে নেশা কিন্তু তত হয়নি? এখন একটু ঘুমুলেই সেরে যাবে।

(ব্যজন গোলাপ জল দেওন ও বিনোদকুমারের
নিদ্রা আক্রমণ)

খদ্য। গুরুজি! রাত্রি আর নাই, আমি এখন বাড়ির ভিতর চল্লেম, গদাকে ডেকে দিয়ে যাচ্চি?

(১ম, দ্বার দিয়া খদ্যতেশ্বরের প্রস্থান)

(১ম, দ্বার দিয়া গদার প্রবেশ)

(২য়, দ্বার দিয়া সকলের প্রস্থান)

(তৃতীয় অঙ্ক সমাপ্ত)

চতুর্থ অঙ্ক।

(খদ্যতেশ্বর বাবুর বৈঠকখানার দালান।)

(১ম, দ্বার দিয়া বৈষ্ণবদাসির প্রবেশ)

বৈষ্ণ। রাধাশ্যাম! গৌর কৃপাকর।

" হরিনাম বিনে জীবের গতি নাহি আর।
কলিতে সে হরি আমার গৌর অবতার "॥

নিতাইচাঁদ দয়াকর।

বাবু বুঝি এখন উঠেন নি? বেলাও আরত নাই? আজ আর বুঝি বাগানে যাবেন না? গুরুজি টুরুজি কাকেও যে দেখ্‌তে পাচ্চিনে? রকম খানা কি? এমন নির্জ্জন ত কখন দেখিনে?

(১ম, দ্বার দিয়া গদার প্রবেশ)

গদা। বৈষ্ণব ঠাকরণ্! এখন ওদিকে যেওনা? বাবু কাল রাত জেগেচেন, ঘুমভাংলে ভারি ব্যজার হবেন।

বৈষ্ণ। গদাধর! বাবু কাল কোথা রাত্ জেগে-চেন র‍্যা।

গদা। বাড়ীতে জেগেচেন আর কোথা জাগ-বেন?

বৈষ্ণ। কেন! বাবুত দশটার মধ্যে শোন, তবে এত রাত্ জাগলেন কেন! বাড়ীতে কাল কি কিছু ছেল নাকি?

গদা। বাড়ীতে কাল যে থিয়োটর হলো?

বৈষ্ণ। ওমা! আমি দেখ্‌তে পেলেম না? বাবু যে আমাকে দেখাবেন বোলে ছিলেন?

গদা। তুমি তার কি বুঝ্‌তে? "সে নদে ছেড়ে নিমাই আমার সন্নাশে গ্যালো" তা নয়।

বৈষ্ণ। ওরে আমি বই পোড়্‌তে পারি, ও সব কিছু কিছু বুঝি। খপর পেলেও যে আস্তেম র‍্যা?

গদা। তা আর আসবার যো ছিলনা। টিকিট হয়ে ছিল। যে টিকিট এনেছিল সেই ভিতরে ঢুকেচে, এ সওয়ায় কত ভদ্রলোক পর্য্যন্ত গলা ধাক্কা খেয়ে গ্যাচে।

বৈষ্ণ। ওরে আমি এলে আর তা হতোনা, বাবু কত আদর কোরে আমাকে আনতেন।

গদা। বৈষ্ণব ঠাকুরণ্! কাল যদি কোন যোগাড় কোরে এসে ঢুক্‌তে পাত্তে তা হলে ভারি মজা হোতো? মদ মুরগীর ঢালওয়াকাণ্ড্যাচে?

বৈষ্ণ। (কাণে হাত দিয়ে) গৌর! গৌর! গৌরচাঁদ তুমি কলীর মালিক থাক্তে এসব আবার কি ঠাকুর?

গদা। মুরগীতে কাল তোমার পেট ভরিয়ে দিতেম? আর মদটাও মনের সাধে খেতে, নিছক বিলিতি মদ?

বৈষ্ণ। মুখে আগুণ তোমার! গলিত কুষ্ঠি ধোর্‌বে? মুখে পোকা পোড়্‌বে?

খদ্য। (নেপথ্যে) গদা!

গদা। আজ্ঞে! যাই।

(প্রস্থান, দ্বার দিয়া গদার প্রস্থান)

বৈষ্ণ। বাবু! ঘুম কি ভাংলো?

খদ্য। (নেপথ্যে) কেও, বৈষ্ণব ঠাকরণ্ না কি? কতক্ষণ।

বৈষ্ণ। অনেকক্ষণ এসেচি বাবু?

খদ্য। (প্রবেশ) তবে কি মনে কোরে?

বৈষ্ণ। এই আপনাকে একবার দেখ্‌তে এ-লেম ?

খদ্য। গদা ! একখানা কেদারা দেত ?

(২য়, দ্বার দিয়া কেদারা সহ গদার প্রবেশ।)

(১ম, দ্বার দিয়া গদার প্রস্থান।)

(খদ্যতেশ্বরের উপবেশন।)

খদ্য। তবে, বৈষ্ণব ঠাকরণ ! তোমার মুখ খানাই কেবল সার ? কাজে কিন্তু কিছু হয় না ?

বৈষ্ণ। কেন বাবু ?

খদ্য। কৈ ! কি কোল্লে বল ? রামতারকের কোড়ে রাঁড়ী বনটার কিছুই কোত্তে পাল্লেনা ? লাভে হতে কত গুলো টাকা গ্যালো। গোবিন্দ কোলের মেয়েটাও হস্তগত হোলোনা ? মেদো কলুর মাগটারো কিছু কোত্তে পাচ্চনা ?

বৈষ্ণ। বাবু ! একি মুখের কথা যে বল্লেই হবে ? এই মেদো কলুর মাগকে কত লোভ দে-খিয়ে কত ফোঁস ফাঁস দিয়ে, তবে আজ হস্তগত কোরেচি। তাও সে বৈঠকখানায় আস্‌তে পার-বেনা ? তার ননদের বিয়ারাম হয়েচে, মেদো আর তার মা তাকে দেখ্‌তে গ্যাচে, এখন আর

তিন চার দিন আস্‌বে না। আজ আপনাকে মেদোর বাড়ী নে যাবো বলেই তাই এলেম।

খদ্য। বৈষ্ণব ঠাকরণ বল কি? এমন দিন কি হবে?

(১ম, দ্বার দিয়া তামাক সেজে গদার প্রবেশ)

গদা। (আলবোলা রেখে তামাকে ফুঁ দিয়ে বাবুকে দেওয়া)

খদ্য। (তামাক খাওয়া)

বৈষ্ণ। বাবু! কাল থিয়েটার কল্লেন আমাকে আর দেখালেন না?

খদ্য। ওটা আমার দোষ নয়, গুরুজীর ভুল। আচ্ছা! এবার যে দিন হবে আগে তোমাকে টিকিট দোব।

(১ম, দ্বার দিয়া গদার প্রস্থান।)

বৈষ্ণ। বাবু! কাল মদ মুরগীর ঢালওয়া কাণ্ড কোল্লেন, আমরা কি দুখানা লুচির প্রত্যাশী হলেম না?

খদ্য। গদা! দাওানজীর কাছে থেকে বৈষ্ণব ঠাকরণকে দশটা টাকা এনে দেত।

গদা। (নেপথ্যে) যে আজ্ঞে।

(১ম, দ্বার দিয়া মুদ্রাসহ গদার প্রবেশ ও বৈষ্ণবীর হস্তে টাকা দিয়ে প্রস্থান।)

খদ্য। কেমন, পেটতো ভোর্‌বে ?

বৈষ্ণ। বাবু! এ পোড়া পেটের কথা আর কেন বলেন, দুহাজার পাঁচ হাজার যা ছিল সব এই বাকড়ে ভরেচি, তবু আর পেটের জ্বালা গ্যালোনা। এমন হবে জান্‌লে কি সব পেটে দি ? মনে কোরেছিলেম কদিন আর বাঁচবো, মরে গ্যালে ভূতে খাবে বৈত নয় ? আপনি খেয়ে নি ? বাবু! মদ মাসে পাঁচটী হাজার টাকা গ্যাচে।

খদ্য। এখন আর ও সব চলে।

বৈষ্ণ। ভেক নিয়ে পর্য্যন্ত, বচর পাঁচেক আর ওসব হয় নি।

খদ্য। খেতে টেতে ইচ্ছে হয় ?

বৈষ্ণ। কথা বার্ত্তা পোড়লে এক্‌বার এক্‌বার মন্‌টা নেচে ওঠে।

খদ্য। তবে ফের কেঁচে বোসো না কেন ?

বৈষ্ণ। না বাবু! দশজন ভদ্রলোকের মেয়ে-

দের কাছে যাই, তাদের লেখা পড়া শেখাই, এখন ওকাজ কোল্লে কোন দিন্ কে দেখ্‌লে সে ভাত ভিক্ষাটী যাবে।

খদ্য। তাকে পারা যাবে, তোমার ভাতের ভাব্‌না কি? মুরাদআলীকে কুঁকড়ো রাঁধতে বলি, এখান থেকে খেয়ে দেয়ে সন্ধ্যার পর মেদো কলুর বাড়ী যাওয়া যাবে।

বৈষ্ণ। মুরগি খাব না বাবু? এখনো অতদূর পর্য্যন্ত হয়নি। পাঠা হাঁসের ডিম হাঁস কাঁক্‌ড়া টাক্‌ড়া খেয়েচি, শেষটায় আর ওটা খেয়ে কেন পরকালটা খাব।

খদ্য। তুমি পাগল, মদ খেলে আর কি খাবার দাবার বিচার, কোত্তে হয়? তন্ত্রে, "পঞ্চ মকার" বলে, এখন মুরগী নিয়ে ষষ্ঠ মকার হয়েচে। আমি তয়ার করাই, তোমার এক খানা মুখে দিয়ে রুচী হলে খেও, নতুবা খেয়ে কাজকি।

বৈষ্ণ। মুরগীটে বরঞ্চ রুচি হোচ্চে, মুরাদআলি রাঁদ্‌বে বোল্‌চেন ঐতো আবার মুস্কিল দেখ্‌চি।

খদ্য। মুরাদআলিত মকার ছাড়া নয়, ষষ্ঠ

বলেচি না হয় সপ্তম হোঁলো, আর ওরা মুস্কিল আসানের জাত, মুস্কিল কি হবে আশানই হবে।

বৈষ্ণ। বাবু! তবে যদি বল্লেন, আমার হরি নামের কাছে কিছুই নাই, আপনাদের তন্ত্র ফন্ত্র কোথায় লাগে, একবার হরিকে ডাকলেই কর্ম্মে ফতে কোরে দেওয়া যাবে। (মাৎস্যে)

পরদার রহোযুক্ত পর প্রকৃত কারকং।
মৎ স্তোত্রাস্মুক্তি মাপ্নোতি হরিনামানুকীর্ত্তনাৎ॥
পতিতং স্খলিতম্বাতু স্মৃত্বাবারি বশোগৃণন্।
হরয়ে নামঃ ইত্যুচ্চৈ র্মুচ্যতে ঘোর কিল্বিষাৎ॥

খদ্য। তবে আরতো কোন কথাই নাই? আর আমি দেখেচি, মাংস মসলমানে যেমন রাঁধে এমন আর কোন জাতিতে পারে না। আর ওরা বড় সভ্য জাৎ, একটা গরিব মসলমানের যে সহবৎ আছে বড় মানুষ অনেক হিঁদুতে তা জানে না।

বৈষ্ণ। বাবু! তবে কেন আপনারা মোসলমানী চেলে চলেন না?

খদ্য। আমরা, না হিঁদু না মসলমান্, না সাহেব না কীরিশ্চান্।

বৈষ্ণ। তবে তোমরা কি বাবু?

(নেপথ্যে বিদুষকের প্রবেশ)

ইয়ং বেঙ্গল ইয়ং বেঙ্গল।
বঙ্গোদেশের মুখোজ্জ্বল॥

খদ্য। বিদুষক আসচে, ওকে আজকের কোন বিষয় জানানো হবেনা। আমি চুপুচুপী মুরাদ-আলিকে কুকড়ো প্রস্তুত কোত্তে বলিগে।

(১ম, দ্বার দিয়া খদ্যতেশ্বরের প্রস্থান)

(১ম, দ্বার দিয়া বিদুষকের প্রবেশ)

বিদু। (বৈষ্ণবিকে দেখে) ইস! বৈষ্ণব ঠাকরণ যে? তোমার নাকের রসকলি আর হাতের হরিনামের ঝুলি দেখে মাইরি আমার ভেক নিতে ইচ্ছে কোচ্চে। কি বল।

বৈষ্ণ। এখন যার সঙ্গে প্রেম কোরেচি, বল তাঁকেই যেন পাই।

বিদু। কার সঙ্গে প্রেম কোরেচ ভাই।

বৈষ্ণ। "অমল কমল বক্ত্রং গৌরমম্ভোজ নেত্রং,
মধুর মধুর হাস্যং চারু কন্দর্পবেশং।
সুর নর মুনি বন্দ্য চৈতন্যচন্দ্রং কৃষ্ণং,
দলিত নটল শক্তিং তং ভজেৎ প্রেমমূর্ত্তিং।"

বিদু। তবে আমাদের দশা কি হবে ভাই?

বৈষ্ণ। মুখে আগুণ তোমার।

বিদু। তোমার দিব্বি, তোমার মাথা খাই, কোন্ শালা মিথ্যে বোলচে।

বৈষ্ণ। আর কি বৈষ্ণবি ও পথে আছে? এখন গৌরাং কৃপা কোল্লে শত্রুরের মুখে ছাই দিয়ে চোলে যাই।

বিদু। বালাই! তোমার শত্রুর যাক্। বৈষ্ণব ঠাকরণ! তোমার হরিনামের মালা ছড়াটা আমাকে একবার দাও দেখি গলায় পোল্লে কেমন দেখায় দেখি।

বৈষ্ণ। (মালা লইয়া বিদুষকের গলে প্রদান)

বিদু। (বুকের দিকে দেখে) বা! এ এক রকম মন্দ দেখাচ্চেনা, আচ্ছা বৈষ্ণব ঠাকরণ! তুমি একবার পর দেখি, দেখি কেমন দেখায়। (বৈষ্ণবির গলায় দিয়ে) আমাদের এ এক রকম কণ্ঠিবদল হোলো, একজন গোঁসাইকে পাঁচ শিকে ভোগের ফেলে দিলেই হবে।

বৈষ্ণ। বিদুষক! বড় জ্বালাচ্চিস?

বিদু। তুমি আরো আমাকে দৃষ্টি পোড়ায় পোড়াচ্চ; এখন উপায় কি বল দেখি? বৈষ্ণব

দাসি! তুমি ভাই ফের একবার কেচে বোসো। তা না হলে আমার আর রক্ষা নাই। এমন রূপত কখন দেখিনে, স্বর্গ বিদ্যাধরিরে রূপবতী সত্য, কিন্তু তোমার যোগ্য হবেনা? অপ্সরিদের কথা কি বোল্‌বো, কন্দর্প পত্নী রতি তোমাকে দেখলে সরমে মুখ তুল্‌তে পারেনা। তোমাকে গৌর কৃপা করুন্ তুমি আমাকে দয়া কর।

বৈষ্ণ। কিরে! তোর যে কথার ভাব ভক্তি বুঝ্‌তে পাচ্চিনে, সত্যি কি মিথ্যা বল দেখি?

বিদু। আমার যা হোচ্চে তা ধর্ম্ম জানে, আর আমি জান্‌চি, এক হাতে যে তালি বাজে এমনত কখন দেখিনে। (স্বগত) মুখে আগুন তোমার, মোরবে কবে? যম কি ভুলে আছে নাকি?

বৈষ্ণ। তবে আজকের কথা নয়, কাল আমার সঙ্গে দেখা করিস, মাথা খাস, মরামুখ দেখিস, ওরে তোর দুএক কথাতেই আমি এক রকম বুঝে নিয়েচি, খুলে আর বোলবো কি? আমি কিছু কিছু বুঝি।

বিদু। আমিও কিছু কিছু বুঝি বলেইতো বোলে ফেল্লেম।

(১ম, দ্বার দিয়া খদ্যতেশ্বরের প্রবেশ)

বিদু। এলেন্! যে সেই ভাল, আমরা মনেং কোরেছিলেম যে আর আসবেন না। আজ শরীর বড় অসুখ আছে, চল্লেম মশায়।

খদ্য। কাল যেন দেখা হয়।

বিদু। বৈষ্ণব ঠাকরণ! উঠুন তবে, যতক্ষণ দেখ্‌তে দেখ্‌তে যাই, ততক্ষণই ভাল, অদর্শন হলে যে কি সর্ব্বনাশ হবে তা আর বোল্‌তে পাচ্চিনে।

খদ্য। বৈষ্ণব ঠাকরণের সমস্ত দিন খাওয়া হয়নি, বাড়ীর ভিতর হতে খেয়ে যাবেন।

বিদু। বাইরে খাওয়া দাওয়ার উজ্জুগ কোল্লেইতো হোতো, দিব্বি মদ মুরগী চোল্‌তো মাঝে থেকে বৈষ্ণব ঠাকুরণের পেসাদ পাওয়া যেত।

খদ্য। বৈষ্ণব ঠাকরণ যে সে দিকে নাই, মদ কুঁকড়োর নামেই অমনি কানে হাত দিয়ে রাধা শ্যামকে ডেকে বসেন।

বিদু। ও বৈষ্ণব ঠাকরণ! তবে যে এতক্ষণ বৃথা বকে মলেম। মদ মুরগী না খেলে আমার সঙ্গে বোন্‌বে কেন?

বৈষ্ণ। ওরে আজ তুই বাড়ী যানা, তুই যদি আমার হোস্, তা হলে তার তরে আর আটকাবে না। এ তেমন বৈষ্ণব ঠাকরণ নয়, সকল রকমই কিছু কিছু বুঝি।

বিদু। তাই বল। তবে আমি চল্লেম এখন। কাল দেখা কোরবো। (খদ্যতেশ্বরের প্রতি) আজ তবে আসি।

খদ্য। এস ভাই। (Shake hand.) করস্পর্শ।

(১ম দ্বার দিয়া বিদুষকের প্রস্থান)

খদ্য। বৈষ্ণব ঠাকরণ! আর বিলম্ব কোচ্চেন কেন? মুরাদআলি ঘরের ভিতর সব রেখে গ্যাচে।

বৈষ্ণ। আপনি একশবার "মুরাদআলি মুরাদআলি" কর্বেন না। মুরাদআলির নাম শুনলে এখন আমার বুক চোম্‌কে ওঠে।

খদ্য। কেন বল দেখি?

বৈষ্ণ। আপনার কাছে আর বোল্‌তে কি? "মুরাদআলী" আমার বড় ভেয়ের নাম, আমি খান্‌কি হয়ে বেরিয়ে এসে প্রথম বাঙ্গালীদের সঙ্গে মিশে গেছ্‌লেম। বেশ দশ টাকার বিষয়

কোরেছিলেম, কত বায়ুন কায়েত ও অপর২ হিঁদুদের যে মদে ভাতে খাইয়েচি তা আর বোল্‌তে পারিনে। শেষে আপনি না বুঝে চোল্‌তে পেরে বিষয় আশয় গুলী খুইয়ে অগত্যা এই ভেক নিয়েচি। এখন পঙ্গে কত লোকের সঙ্গে খাচ্চি। যা হোক্ এখন রাধাশ্যাম দয়া করুন্, যেটা ধোরেচি সেটা আর ছাড়বো না। গৌরাং! দিনহীন কাঙ্গালিনীকে দয়া করুন্।

খদ্য। তা কর্বেন, এখন চল।

বৈষ্ণ। হরিনাম! এখন তুমি হুকে ঝোলো।

খদ্য। তা হবেনা, মালা তোমায় গলায় পোত্তে হবে, তা হলে বেশ দেখাবে।

বৈষ্ণ। (স্বগত) বাবু আবার বেশ দেখাবে বোল্‌চেন কেন? যখন যার কপাল ধরে এমনিই কি হয়? বিদুষককেত এক রকম হাত কোরেচি, ইনি তেমন হোলে আর বলা কওয়া নাই।

খদ্য। ভাব্‌চো কি? হরিনামের মালা তোমায় গলায় পোত্তেই হবে?

বৈষ্ণ। তাতে আর আটক কি? আপনার

চোকে যদি ভাল দেখায় তবে এই পল্লেম। (মালা পরণ)

খদ্য। আমরে যাই! তুমি এমন মালাও ঝুলির ভিতর রাখ! তোমাকে কি যে দেখাচ্চে তা আর কি বোল্‌বো।

বৈষ্ণ। বাবু! রাত্রি কত, আমাকে আবার এ রাত্রে ঘরে যেতে হবে।

খদ্য। রাত্রি দশটা বাজে। আজ আর ঘরে যাবেন কেন? মেদো কলুর বাড়ীতেই থাক্‌বেন? সকাল বেলা গাড়ী কোরে পাঠিয়ে দোব।

বৈষ্ণ। তার আর আটক কি? (স্বগত) ঐ কলুবোয়ের উপরের মনটী আমার উপর পড়ে? দুদিন দশ দিন এলে গ্যালেই গুচিয়ে নোব, আমিত এবিষয়ের রকম সকম এক রকম কিছু কিছু বুঝি।

খদ্য। তবে চল এখন। আর একটা কথা জিজ্ঞাসা করি, ধুতি চাদর পোরে যাব না পোষাক পোর্‌বো।

বৈষ্ণ। ভাল পোষাক পোরে যাওয়াই ভাল,

তারা ছোট লোক কি না? পোষাক, টোষাক দেখলেই যমকালো বোধ কোরবে।

খদ্য। (নেপথ্যের দিকে) গদা।

(১ম দ্বার দিয়া গদার প্রবেশ)

খদ্য। গদা! এ দিকে যেন কেও এসেনা। (বৈষ্ণবির প্রতি) চল তবে।

(১ম দ্বার দিয়া খদ্যতেশ্বর ও বৈষ্ণবির প্রস্থান)

গদা। (স্বগত) আজ যে ভারি রগড়, বৈষ্ণমী মাগির সঙ্গে যে বেতর গোচ মাখামাখি দেখ্‌চি। ওতো মদ মুরগির নামে কানে হাত দ্যায়। উকি মেরে দেখ্‌তে হোলো। (নেপথ্যে উকি মেরে) আমর! বেটী হরিনামের মালা গলায় দিয়ে দিব্বি মদ মুরগী মাচ্চে।

খদ্য। (নেপথ্য হইতে) গদা।

গদা। আজ্ঞে।

(১ম দ্বার দিয়া খদ্যতেশ্বর ও বৈষ্ণবির প্রবেশ)

খদ্য। সেই ভাল স্যাম্‌পেন্ দুটো আর বাগানে যাবার পোষাক একটা আনতো।

গদা। সে স্যাম্‌পেন্ দুটো যে বাড়ীর ভিতরে রেখেচেন।

খদ্য। তবে রোজ্‌লিক্‌র দুটো মুরাদআলীর হাতে দিয়ে পাঠিয়ে দিগে।

গদা। যে আজ্ঞে।

(১ম দ্বার দিয়া গদার প্রস্থান)

(১ম দ্বার দিয়া দুটো রোজলিকরের বোতল সহ মুরাদআলীর প্রবেশ)

খদ্য। (মুরাদআলীকে দেখে) মুরাদআলি! সরাপ্‌কো বোতল্‌ দোঠো ও খানাকি সানক লেকে হামারা সাত আও।

(১ম দ্বার দিয়া মুরাদআলীর প্রস্থান ও সানক সহ পুনঃ প্রবেশ)

খদ্য। বৈষ্ণব ঠাকরণ! তবে চল। ও ঘরে কাপড় ছাড়বো এখন?

(১ম দ্বার দিয়া সকলের প্রস্থান)

(চতুর্থাঙ্ক সমাপ্ত)

পঞ্চম অঙ্ক।

(মেদো কলুর বাড়ী)

(খদ্যতেশ্বর বৈষ্ণবদাসী বৈষ্ণবী ও মুরাদআলীর প্রবেশ)

বৈষ্ণ। কলুবৌ কোথা লো। (নেপথ্যে উঁকি মেরে) এ ঘরেও নাই, মর! ঘর ফেলে কোথা গ্যালো। ও কলুবৌ!

খদ্য। বৈষ্ণব ঠাকরণ! আর কি কলু বৌয়ের কোন নাম নাই, "কলুবৌ কলুবৌ" কোচ্চ কেন?

বৈষ্ণ। ওর নাম পদ্দ, শশুর বাড়ী কে আর নামধোরে ডাকে, আমরা কলুবৌই বোলে ডাকি।

খদ্য। যা হোক্ এখন ডাক।

বৈষ্ণ। ও কলুবৌ!

(নেপথ্যে কলুবৌ বেশে কামিনী অবিদ্যার প্রবেশ)

কামি। (নেপথ্য হইতে) কেও! বৈষ্ণব ঠাকরণ! একলা নাকি?

বৈষ্ণ। একলা না? আজ তোর ঘরে যেন

রাজ তক্তা পড়েচে, রাণী হবিত শিগ্‌গির এদিকে আয়।

কামি। কলুনী কখন কি ভাই রাণী হয়? তবে তুমি আশীর্ব্বাদ কর, আর তোমার মুখে ফুল চন্নন পড়ুক, রাণীই যেন হই?

বৈষ্ণ। আশীর্ব্বাদেরও কমি নাই, রাণী হতেও আর বাকি রইলো না, এখন এসে বোস-লেই হোলো।

খদ্য। আপনি একবার এদিকে আসুন, আপনাকে দর্শন কোরবো বোলেই এখানে এলেম, তা পোড়া অদৃষ্টে আর ঘোট্‌চে না? কেবল ইন্দ্রজীতের মতন আড়াল থেকে একটা২ বাক্যবাণ হানচো বৈত নয়?

কামি। কেন! আপনিওত বেশ শব্দভেদী বাণ শিখেচেন্।

খদ্য। আপ্‌নি এদিকে আসুন, আপনার বাক্যবাণে আমার দেহ জ্বর২ হোচ্চে।

কামি। আমার কথা কি আপনাকে এত শক্ত বোধ হোচ্চে? যে আপনি তাতে জ্বর২ হোচ্চেন? তাই বুঝি লোকে বলে, যে, বড় মানুষ

কারো কথা বরদাস্ত করেনা, আর জেয়াদা কথাও শুনেনা। আচ্ছা, এখন দেখে শিখলেম, আর কথা কবনা, চুপ কোরে থাকি।

খদ্য। তোমার অদর্শনে আমার হৃদয় বিদীর্ণ হোচ্চে বোলেই একথা বলেচি, তাতে নিরব হয়ে থাকা যদি তোমার বিবেচনায় ভাল হয়, তবে আমাকে এক খানা অস্ত্র এনে দাও আমি প্রাণ পরিত্যাগ করি।

কামি। আপনিত ভারি পরমন্দকারি, আপনাকে আমি মন প্রাণ সমর্পণ কোরেচি বোলে কি আপনার প্রাণ নষ্ট কোরে পরের মন্দ কোর্বেন?

বৈষ্ণ। হ্যাঁ বৌ! আজ তোর গলাটা ওমন হয়েচে কেন?

কামি। আজ পাতকোর জল মাথায় ঢেলেচি বোলে গলাটা একটু কেমন২ হয়েচে।

বৈষ্ণ। ধরেনি, কেমন যেন গলার স্বর বদ্‌লে গ্যাচে।

খদ্য। বৈষ্ণব ঠাকরণ! এখন ওসব বাজে কথায় কাজ কি? পদ্দ বিবিকে এদিকে আস্‌তে বল, একবার দেখে নয়ন সফল করি।

কামি। দেখ্‌তেতো বাকি নাই, যে দিন যোগে সকাল বেলা গঙ্গা স্নান কোরে আসি, সে দিন্‌ত দেখেচেন্‌।

খদ্য। সেই দিনেইত সর্ব্বনাশ কোরেচ। সে দিন পর্য্যন্ত এক দিন্‌ত মনে সুখ নাই।

কামি। ও উভয়তঃ বোল্‌তে হবে, জ্বোলতে আমিও বাকি ছিলেম না। লোকে কি বলে, "তুমি খাও ভাঁড়ে জল আমি খাই ঘাটে"

খদ্য। তা হলে এত কষ্ট দেবে কেন?

কামি। কষ্ট দিয়েচি কি না, তা বোল্‌তে পারিনে, কিন্তু কষ্ট পেয়েচি বটে। মেয়েমানুষ, কোণের বৌ, কাজে কাজেই কষ্ট পেতে হয়। আর কিছু কিছু বুঝি বোলেই ধৈর্য্য ধোরে ছিলেম। লোকে কথায় বলে, "সবুরে মেওয়া ফলে" না বুঝলে কি যে হোতো তা আর বো-ল্‌তে পারিনে।

খদ্য। আপ্‌নি এখন এদিকে আসুন।

কামি। আজ আবার আমার বোন এসেচে, সে ঐ নতুন ঘরে ঘুমুচ্চে, আমি তাকে শিকলী দে এসেচি। উঠে যদি ডাকাডাকি করে তবেই মুস্কিল

হবে। (বৈষ্ণবির প্রতি) বৈষ্ণব ঠাকরণ! আপনি ঐ নতুন ঘরে যান, দিদি উঠলেই সাড়া দেবেন, আমি অমনি সাবধান হবো। সকল দিক সামলে কাজ করাই ভাল। আমি যদিও ছোট জাত বটে, তবু কিছু কিছু বুঝি।

খদ্য। বৈষ্ণব ঠাকরণ! পদ্দবিবি বেশ কথা বোল্‌চেন, আপনি তবে নতুন ঘরে যান।

বৈষ্ণ। যে আজ্ঞে, আমি নতুন ঘরে চল্লেম, আপনারাও নতুন আমোদ আহ্লাদ করুন।

(বৈষ্ণবীর প্রস্থান)।

খদ্য। আর ওখানে কেন এদিকে আসুন।

কামি। মন অনেকক্ষণ ওদিকে গ্যাচে, তবে লজ্জা কেমন ধোরেং রাখ্‌চে বোলেই যেতে পাচ্চিনে।

খদ্য। (স্বগত) কথা বার্ত্তা গুলী খুব চমৎকার দেখ্‌চি। (প্রকাশ্যে) লজ্জাত তবে ভাল মানুষ নয়? সেত আমাদের দুজনকেই যাতনা দিচ্চে? তাকে কেন তাড়িয়ে দাও না?

কামি। যেতেতো বোল্‌চি, কোনমতেই যে যেতে চাচ্চে না।

খদ্য। (নেপথ্যে প্রস্থান ও কামিনীর হস্ত ধোরে পুনঃ প্রবেশ)

কামি। (ঘুমটা টানন)

খদ্য। ছি! এখন লজ্জা কোচ্চ? আমার হৃদয় বিদীর্ণ হোচ্ছে একি জান্‌তে পাচ্চনা?

কামি। কারই হৃদয় না বিদীর্ণ হোচ্ছে।

খদ্য। ঘুমটা টা খোলনা ভাই।

কামি। ওতে আর কি আটক হোচ্ছে।

খদ্য। (স্বহস্তে ঘুমটা উত্তোলন)

কামি। (মুরাদআলীকে দেখে) ওমা! এ আবার কেগো! চাঁপদাড়ী নে যেন মুস্কিল আসানের মতন দাঁড়িয়ে আছে।

মুরা। বিবি! হাম্‌তো বাবুকো কোচ্‌মান্।

কামি। বাবু! তোমার কচুমান্ এখানে কেন? আমিত খানকী নই ভাই, যে তুমি লোক নিয়ে জটলা কোরবে?

খদ্য। না ও এখনি যাচ্চে, (মুরাদআলীর প্রতি) মুরাদআলি! আবি তম যাও, কাল বেহানমে রাস্তাকি মোড় পার গাড়ী লে আও।

মুরাদ। বহুত আচ্ছা হজুর।

(মুরাদআলীর প্রস্থান)

খদ্য। আপ্‌নি মদ কি কখন খেয়েচেন ?

কামি। গেরস্তর মেয়ে কি মদ খায়।

খদ্য। কেন! আজ কালতো কত২ ঘরে চোলেচে।

কামি। সে গরিব দুঃখির পক্ষে নয়!

খদ্য। মাংস কখন খেয়েচেন।

কামি। ছোট বেলা পাঁঠা খেয়েচি, সুয়র গরু মুরগী টুরগী খাইনে।

খদ্য। আমি কচি পাঁঠাই এনেচি। আচ্ছা, এই মদ এক গেলাশ খাও দেখি। এ শুন্তে মদ, এতে মদের গন্ধ কিছু মাত্র নাই, নেশাও হবে না, কেবল মুখ দিয়ে গোলাপ ফুলের গন্ধ বেরুবে।

কামি। ক্রমে ক্রমে হবে, এক দিনে আর অত বাড়াবাড়ি কোচ্চেন কেন।

খদ্য। (গেলাশে মদ ঢেলে) যে না এক গেলাশ খাবে, সে আমার মরামুখ দেখ্‌বে।

কামি। দিব্বি দাও কেন ভাই ? মদ আমি কখন খাইনে, আপনার এ ভারি অন্যায়! অন্যায় কর্ম্ম কোত্তে কেও কি বলে, না কেও করে ?

খদ্য। তুমি আমাকে যা বোল্‌বে তাই কোত্তে পারি।

কামি। কৈ করুন দেখি ?

খদ্য। কি বল।

কামি। আচ্ছা বাঁদর সাজ দেখি।

খদ্য। আমি বাঁদর সাজ্‌লে তুমি এসব খাবে।

কামি। হা, আপ্‌নি বাঁদর সাজলে যা বোল-বেন তাই কোরবো।

খদ্য। দেখো, শেষে যেন পেচিওনা।

কামি। তা পেচুব কেন ?

খদ্য। তবে তুমি আমাকে সাজাও।

কামি। (কামিনীর খদ্যতেশ্বরকে বাঁদর সাজান)

খদ্য। এইবার মদ খাও।

কামি। যখন বলেচি মদ খাব, তা এমন মুখ রাখিনে, লোকে কথায় বলে, "কথার ঠিক নাহি যার, জন্মের ঠিক নাহি তার" এখন আপনি এই খড়ের বিঁড়েটা মাথায় দিয়ে নাচনা ভাই ? আমি বাঁদর নাচ দেখ্‌তে খুব ভাল বাসী। বিশে-ষতঃ তোমাকে ঠিক যেন বাঁদর দেখাচ্চে।

খদ্য। তোমার যা ইচ্ছে করনা? আমার কিছুতে অমত নাই।

কামি। (খদ্যতেশ্বরের মস্তকে বিঁড়ে দিয়ে) এখন দড়ী বাঁধী কোথা ভাই?

খদ্য। কেন! (গলা বাড়িয়ে দিয়ে) আমার গলায় বাঁধনা?

কামি। (খদ্যতেশ্বরের গলে দড়ী বন্ধন কোরে) এখন কি করি, আমি তো নাচাতে জানিনে।

খদ্য। তুমি দড়ী গাছটা ধোরে বোসো, আমি আপ্‌নি নাচ্‌চি। আজ যদি জটলা কোত্তে দিতে, তা হলে থিয়েটারের জন কতককে এনে তোমার ঘরে কিষ্কিন্দাকাণ্ড কোরে যেতেম।

কামি। তুমি এখন নাচ ভাই।

(খদ্যতেশ্বরের নৃত্য)

(মেদো কলুর প্রবেশ)।

মেদো। (কামিনীর প্রতি) ও ক্ষেপি! বাঁদর কোথা পেলি।

কামি! এটা, আজ কিনেচি।

মেদো। নাচে।

কামি। খুব নাচে।

মেদো। তবে দেনা ভাই, আমি একবার নাচাই (দড়ী টেনে ভুঁয়ে লাঠী ঠুকে) "ঝিঙ্গে্র ফুল কাঁকুড় কাঁকুড়। ভাব কোরে নাচ্ বুড়ো কহুত্ কোরে নাচ্। বাবুর বাগানে আছে ম্যালা কলা গাচ্ "ঝিঙ্গের ফুল কাঁকুড়কাঁকুড়" (পোদে লাঠী মেরে) আমর! নাচনা? ও ক্ষেপী নাচে কই।

কামি। তুমি মাচ্চ কেন? আমায় দাও দেখি, আর তুমি একটা কলা আন, আমি কেমন নাচাই দেখ।

(মেদোর প্রস্থান)

কামি। বাবু! এখন্তো ভারি সর্ব্বনাশ দেখ্চি। যাহোক ওকে একটা ফিকির কোরে বাড়ী থেকে তাড়াব তার আর কোন সন্দেহ নাই, তবে আমি যা এখন বোল্বো সেই গুলি শুন্বেন।

খদ্য। পদ্দবিবি! এখন তোমার হাতে আমার প্রাণ মান সকলি, দেখ ভাই।

কামি। ভয় কি?

(কলা সহ মেদোর প্রবেশ)

মেদো। কৈ, নাচাও না?

কামি। (গলার দড়ী টেনে) নাচেত খেই

খেই। এমন বাঁদর আরতো নেই। প্রাণ সপেচি মন দিয়েচি সাধের বাঁদর কৈরে কই। মনুয়া! নাচত।

খদ্য। (নৃত্য)

মেদো। তোর কাছে এর মধ্যে খুব পোষ মেনেচে। ক্ষেপি! ওকি কথা বুঝ্‌তে পারে?

কামি। বুঝ্‌তে এমন আর দুটী নাই।

মেদো। কই কিছু বল দেখি?

কামি। মনুয়া! তুই লঙ্কায় গেছলি কেমন কোরে।

খদ্য। (লম্ফ)

মেদো। বা! বেশ বাঁদর কিনেচিস্। আমাকে একবার দেত আমি সকলকে দেখিয়ে আনি?

খদ্য। (স্বগত) কি সর্ব্বনাশ! আমি যে, রকম সকম কিছু বুঝ্‌তে পাচ্চিনে, আমাকে নাকাল করবার তরেতো একাজ কচ্চেনা? তাই বটে! এতে আর কোন সন্দেহ নাই। মদটা কি খারাপ জিনিস, ইন্দ্রিয় দোষটা কি ভয়ঙ্কর। মদ আর ইন্দ্রিয় দোষের জন্য আমার কি কম অপমান হোচ্চে? লোকে কথায় বলে "অপরম্বা কিং ভবি-

ষ্যতি" এখনো ভাগ্যে যে কি আছে তা বোল্‌তে পারিনে? রেপের মধ্যে ফেলে দিলেই তো দফা সেরে দিলে, আর চোর বোলে বাঁধিয়ে দিলেও সে কম অপমান নয়? তার চেয়ে পায়ে হাতে ধোরে মাপ মেগে পালানই উচিত দেখ্‌চি? (প্রকাশ্যে) মাধব! আমাকে মাপ কর, আমার ঘাট হয়েচে, আমি এমন কাজ আর কখন কোর্বোনা।

মেদো। ও ক্ষেপি! এটা যে বেশ কথা কোচ্চে রে, তবে আর ছাড়া হবে না। আমি কাল একটা লোহার শিকলী গড়াতে দোব। ক্ষেপি! কই বাঁদরকে কলা খেতে দেনা?

কামি। মনুয়া আমার প্রাণ, মনুয়া আমার ধন, আমি যাবৎ বাঁচ্‌বো মনুয়াকে সর্ব্বদা চোকে চোকে রাখ্‌বো, মনুয়ার ভাল মন্দ হলে আমিও এপ্রাণ আর রাখ্‌বো না। (কলা ছাড়িয়ে) মনুয়া! কলা খাওত?

খদ্য। (স্বগত) ভাব কিছু বুঝ্‌তে পাচ্চিনে, ছুঁড়ির কথা বার্ত্তায় আর মন্দ মনে হচ্চেনা। ছুঁড়ি বো-

লেচে? মেদোকে এখনি তাড়াবে। যা হোক, শেষে অদৃষ্টে যা আছে তাই হবে। এখনতো ছুঁড়ির কথার মতনই কাজ করি। (কামিনীর হস্ত হইতে কদলি ভক্ষণ)

মেদো। (মাথায় চাপড় মেরে) এ শালা বাঁদর নয়, উল্লুক! এর চেয়ে বাঁদরেরও বুদ্ধি আছে।

খদ্য। (স্বগত) তবে আমাকে নাকাল্‌ই কোচ্চে। দশ জন না জমীয়াত হতে হতে এখন খুব খোষামোদ কোরে পালাতে পাল্লেই মান বাঁচে। (প্রকাশ্যে) মাধব বাবু! আমি তোমার হাতে ধোরে বোল্‌চি আমাকে ছেড়ে দাও। (হাতে ধরা)

মেদো। আরে মর! লোকে কথায় বলে, "বাঁদরকে নাই দিলে মাথায় চড়ে" এ যে তাই কোল্লে। এখন হাতে ধোচ্চে এর পর মাথায় চোড়বে আর কি? (পোদে এক চাবুক মেরে) আমি আর বাঁদরকে নাই দোবনা। একি শাসন, শাসন যা কোরবো তা আমার মনেই আছে?

খদ্য। মাধব বাবু! আমার ঢের হয়েচে, আমি নাকে কাণে খত দিচ্চি আমাকে ছেড়ে দাও।

(রামতারক বিদ্যাবাচস্পতির প্রবেশ)

রাম। মাধব! কি কোচ্চ হে?

মেদো। আজ্ঞে আসুন, আজ ক্ষেপী একটা বাঁদর কিনেচে, তাই সেটাকে নিয়ে খ্যালা করা যাচ্চে?

রাম। (খদ্যতেশ্বরের বানর মূর্ত্তি দেখে) একি তোমার বাঁদর, ছি ছি ছি কোরেচ কি? গলার দড়ী গাছটা খুলে দাও। মানুষকে কি এমন কোরে সাজাতে হয়? বিশেষতঃ খদ্যতেশ্বর বাবু একটা বড় লোকের ছেলে, গুণবান ধনবান মান্যমান এমন লোকের কি এ দুদ্দশা কোত্তে হয়? হায়! হায়! সুরা আর ইন্দ্রিয় দোষেই লোককে নরপশু কোরে ফ্যালে। বাবু! তুমি না সুরাপায়ী ও ইন্দ্রিয় পরতন্ত্রতা লোকের সর্ব্বদা নিন্দে কোরে থাক? তোমার নিজের এ দুদ্দশা দেখ্‌লে লোকে কি বোল্‌বে বল দেখি? বাবু! তুমি সকলকে কত বোঝাও, এ কিনা মেদো কলু (লোকে বলে

কলুর বুদ্ধি) সে কিনা একটা বাজারে খান্‌কি এনে তোমাকে দিব্বি বাঁদর সাজালে। (কামিনীর প্রতি) কামিনী! আর তুমি এখানে কেন বাছা? আমি শুনেছিলেম যে সর্ব্বাপেক্ষা নষ্টা স্ত্রীর বুদ্ধি অধিক, তা স্বচক্ষে দেখ্‌লেম্। এক্ষণে তুমি স্বস্থানে প্রস্থান কর।

কামি। যে আজ্ঞে।

(কামিনীর প্রস্থান)

রাম। মাধব! বাবুর বাঁদরে বেশটা ঘুচিয়ে দাও।

মেদো। মশায়! সাজালে এক জন আর ঘোচাবে মেদো।

রাম। ওহে বাবুরা বানর মেষ প্রভৃতি অসৎ সঙ্গে আপনারাই সাজেন, সৎসঙ্গ হলেই সজ্জনেরা সেটা ঘুচিয়ে দ্যায়।

মেদো। বৈষ্ণবিকে কি তবে বাবুর বাঁদর বেশ একবার দেখাবেন না?

রাম। তাকে এখন আবার কোথায় খুঁজতে যাবে।

মেদো। ও মশায়! কাল রাত্রে এই বাবুর সঙ্গে এসেছিল, দিব্বি মদ মুরগী খেলে। আমি নতুন ঘরে লুকিয়েছিলেম্। কামিনী ফিকির কোরে সেই ঘরে পাঠিয়ে দিতেই ঘা কতক দিব্বি দিয়ে মালা ছিড়ে বেঁধে রেখে দিয়েচি।

রাম। তবে আননা একবার দেখা যাক্।

মেদো। যে আজ্ঞে।

(মেদোর প্রস্থান)

খদ্য। বাচস্পতি মশায়! আমার যৎপর নাস্তি প্রতিফল হয়েচে, এবার আমাকে ছেড়ে দিন।

রাম। বাপু! প্রতিফল যা, তা তোমার কিছুই হয়নি, আর হবেওনা। এই ঘটনা যথার্থ হলে আর রক্ষা ছিলনা।

খদ্য। সে আমার পুণ্য বল বোল্‌তে হবে।

রাম। তোমার নয়, তোমার ঠাকুরের বটে?

(দুর্দ্দশাগ্রস্থা বৈষ্ণবী সহ মেদোকলুর প্রবেশ)

রাম। এস, এস, বৈষ্ণব ঠাকরণ এস? তবে ভেক নিয়ে পর্য্যন্ত ভজন সাধন কেমন হোচ্চে বল দেখি?

বৈষ্ণ। (নিরব)

রাম। মুখে আগুণ তোমার, সে দিন তত জুতো খেয়ে এলি, তবু লজ্জা হোলোনা। (মেদোর প্রতি) মাধব! বেটীর মাথা মুড়িয়ে, ঘোল ঢেলে, গালে চুন কালী দিয়ে, বিদায় কোরে দাওগে।

মেদো। যে আজ্ঞে, তবে আমি বৈষ্ণমীকে নে চল্লেম।

(বৈষ্ণমী ও মেদোর প্রস্থান)

রাম। (খদ্যতেশ্বরের বাঁদর বেশ মুক্ত কোরে) বাবু। আপ্‌নি এখন গৃহে গমন করুন, আমিও স্বস্থানে প্রস্থান করি।

খদ্য। মশায় আপনাকে একবার আমার বাড়ীতে পায়ের ধুলো দিতে হবে।

রাম। ও কথাটী বোল্‌বেন না? আজ কাল দেখে শুনে অনেক অনেক অধ্যাপকেরা অনেক২ বড মান্‌ষের বাড়ী যাতায়াত ছেড়ে দিয়েচেন। তবে জন কতকতু চার পাত্ সংস্কৃত পোড়ে ইয়ং বেঙ্গল বাবুদের সঙ্গে মিশে, যদেচ্ছাচারি হয়ে সকলি কচ্চেন, তাদের অত্যাচারে অপর২ অধ্যা-

পকেদেরও অপকলঙ্ক হোচ্চে। বাবু! এবিষয়ে আমাকে অনুরোধ কর্বেন না।

খদ্য। মহাশয়কে একবার আমার বাড়ীতে যেতেই হবে? আপনি আজ আমার মহৎ উপকার কল্লেন। আমার যথা সাধ্য দিয়ে আপনার সম্মান কোরবো।

রাম। সে কি বাবু? আমি অর্থ প্রত্যাশী নই, আপনার জাতীয় ধর্ম্ম নিয়েই আছি "নাটক" লিখ্‌তে শিখিনে যে আপনি আমার পরিশ্রমের পুরস্কার দিয়ে সম্মান কোর্বেন। "উপকার" ভদ্র লোকে ভদ্র লোকের উপকার বই অন-উপকার করেনা। যদ্যপি লোকে একটা যথার্থ দোষে দোষী হয়, যে ভদ্র লোক সে কখন সেই পরকুচ্ছ কোরে বেড়ায় না? নরাধম লোকেরাই লোকের মিছে অপবাদ অপকুচ্ছ ও গ্লানী কোরে থাকে। পরস্ত্রীকে মাতৃ জ্ঞান, পরধনে অস্পৃহা, মিথ্যা প্রবঞ্চনা প্রতারণা কপটতা বিশ্বাসঘাতকতা প্রতি দ্বেষ, দীন দুঃখীর প্রতি শ্রদ্ধা,পিতা মাতা ও গুরুজন প্রভৃতির প্রতি ভক্তি, ধর্ম্মে মতি, ও পরমেশ্বরের প্রতি প্রীতি করিলেই সেই নর নামের

যোগ্য হয়, সেই মনুষ্য মানব যাত্রা সমাধা করিয়া গ্যালেও তাহার সেই যশ ধরণীতে বিচরণ করিতে থাকে। বাবু! এক্ষণে আপনি আসুন, আমিও আসি, মনেং বুঝে দেখুন, আপনি যেমন লোক তা আমরা কিছু কিছু বুঝি।

(উভয়ের প্রস্থান)

(যবনিকা পতন)

সমাপ্ত।